রেজিস্টার্ড নং ডি এ-১

"জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের
জন্মশতবার্ষিকী উদ্‌যাপন সফল হোক"

# বাংলাদেশ গেজেট

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, আগস্ট ২৭, ২০২০

## ৬ষ্ঠ খণ্ড

**প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত বাংলাদেশ সুপ্রীম কোর্ট, বাংলাদেশের মহা-হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, সরকারি চাকুরী কমিশন এবং গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অধঃস্তন ও সংযুক্ত দপ্তরসমূহ কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ।**

**দুর্নীতি দমন কমিশন**
**প্রধান কার্যালয়**

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ : ৮ আষাঢ় ১৪২৭/২২ জুন ২০২০

নং **০০.০১.০০০০.১০৪.১৩.০০১.২০.৩৯২**—দুর্নীতি দমন কমিশন, প্রধান কার্যালয়, ঢাকায় কর্মরত পরিচালক জনাব নাসিম আনোয়ার-এর বয়স ০৭-০৭-২০২০ তারিখে ৫৯ বৎসর পূর্ণ হবে। সরকারি চাকরি আইন, ২০১৮ এর ৪৩(১)(ক) ধারামতে ০৭-০৭-২০২০ তারিখ থেকে সরকারি চাকরি হতে অবসর প্রদান করা হলো।

২। তাঁর অনুকূলে ১৮(আঠার) মাসের মূল বেতনের সমপরিমাণ অর্থ লাম্পগ্র্যান্টসহ ০৮-০৭-২০২০ হতে ০৭-০৭-২০২১ তারিখ পর্যন্ত ০১(এক) বছরের অবসর-উত্তর ছুটি (পি.আর.এল) যুগপৎভাবে মঞ্জুর করা হলো।

৩। তিনি বিধি অনুযায়ী অবসর এবং অবসর-উত্তর ছুটিকালীন সুবিধাদি প্রাপ্য হবেন।

৪। এতে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন রয়েছে।

নং **০০.০১.০০০০.১০৪.১৩.০০১.২০.৩৯৩**—দুর্নীতি দমন কমিশন, প্রধান কার্যালয়, ঢাকায় কর্মরত সহকারী পরিচালক জনাব মোঃ জাকির হোসেন-এর বয়স ২৯-০৭-২০২০ তারিখে ৫৯ বৎসর পূর্ণ হবে। সরকারি চাকরি আইন, ২০১৮ এর ৪৩(১)(ক) ধারামতে ২৯-০৭-২০২০ তারিখ থেকে সরকারি চাকরি হতে অবসর প্রদান করা হলো।

২। তাঁর অনুকূলে ১৮(আঠার) মাসের মূল বেতনের সমপরিমাণ অর্থ লাম্পগ্র্যান্টসহ ৩০-০৭-২০২০ হতে ২৯-০৭-২০২১ তারিখ পর্যন্ত ০১(এক) বছরের অবসর-উত্তর ছুটি (পি.আর.এল) যুগপৎভাবে মঞ্জুর করা হলো।

৩। তিনি বিধি অনুযায়ী অবসর এবং অবসর-উত্তর ছুটিকালীন সুবিধাদি প্রাপ্য হবেন।

৪। এতে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন রয়েছে।

**মোহাম্মদ আব্দুল আওয়াল**
পরিচালক।

**প্রজ্ঞাপন**

তারিখ : ২১ জুন ২০২০

**<u>অপরাধলব্ধ সম্পদ ব্যবস্থাপনা বিষয়ক নির্দেশিকা</u>**

নং **০০.০১.০০০০.১০৩.০৯.০১১.১৮-১৩০৮৩**—যেহেতু দুর্নীতি দমন কমিশন আইন-২০০৪, দুর্নীতি দমন কমিশন বিধিমালা-২০০৭, মানিলন্ডারিং প্রতিরোধ আইন-২০১২ ও মানিলন্ডারিং প্রতিরোধ বিধিমালা-২০১৯ এ অনুসন্ধান/তদন্ত/বিচারকালে দুর্নীতির মাধ্যমে অর্জিত তথা অপরাধলব্ধ সম্পদ জব্দ (Seize)/ ক্রোক (Attachment)/ অবরুদ্ধ (Freeze) করার বিধান আছে এবং দুর্নীতি দমন কমিশন আইন-২০০৪-এ দুর্নীতির মামলার আসামী দোষী প্রমাণিত হলে অপরাধলব্ধ সম্পদ বাজেয়াপ্ত এবং জরিমানার বিধান রয়েছে; এবং

যেহেতু জব্দ/ক্রোক/অবরুদ্ধকৃত সম্পদ রক্ষণাবেক্ষণ এবং বিচার শেষে বাজেয়াপ্তকৃত সম্পদ রাষ্ট্রের দখলে আনা ও জরিমানার অর্থ আদায়ের ব্যবস্থা গ্রহণের বিষয়টি নিশ্চিত করার জন্য অপরাধলব্ধ সম্পদ ব্যবস্থাপনা বিষয়ক নির্দেশিকা প্রণয়ন করা সমীচীন ও প্রয়োজনীয়;

সেহেতু কমিশনের অনুমোদনক্রমে নিম্নরূপ নির্দেশিকা প্রণয়ন ও জারি করা হলো :

**১। শিরোনাম, প্রবর্তন ও প্রয়োগ :**

(ক) এ নির্দেশিকা "অপরাধলব্ধ সম্পদ ব্যবস্থাপনা বিষয়ক নির্দেশিকা-২০২০" নামে অভিহিত হবে;

(খ) এ নির্দেশিকা বাংলাদেশ গেজেটে প্রজ্ঞাপন আকারে প্রকাশের তারিখ হতে কার্যকর হবে এবং উক্ত তারিখ হতে ০৫-০৯-২০১৮ খ্রিঃ তারিখের ০০.০১.০০০০.১০৩.১৪.০১৮.১৭-২৬৯৭৮ নং স্মারকমূলে জারিকৃত ও বাংলাদেশ গেজেট, অক্টোবর, ২০১৮ ষষ্ঠ খণ্ডে প্রকাশিত প্রজ্ঞাপনটি এতদ্বারা বাতিল বলে গণ্য হবে।

(গ) এ নির্দেশিকা কমিশনের সকল অনুসন্ধান/তদন্ত কার্যক্রমে এবং বিচারাধীন ও নিষ্পত্তিকৃত মামলার অপরাধলব্ধ সম্পদ সংক্রান্তে প্রযোজ্য হবে।

২। **সংজ্ঞা :** বিষয় বা প্রসঙ্গের পরিপন্থি কোন কিছু না থাকলে, এ নির্দেশিকায়—

(ক) "অপরাধলব্ধ সম্পদ" অর্থ দুর্নীতি দমন কমিশন আইন-২০০৪ এর তফসিলভুক্ত কোন অপরাধের অনুসন্ধান/ তদন্ত/বিচারকালে জব্দ/ক্রোক/অবরুদ্ধকৃত এবং বিচার শেষে প্রদত্ত অর্থদণ্ড ও বাজেয়াপ্তকৃত সম্পদ;

(খ) "কমিশন" অর্থ দুর্নীতি দমন কমিশন আইন, ২০০৪ অনুযায়ী গঠিত দুর্নীতি দমন কমিশন;

(গ) "সম্পদ" অর্থ দুর্নীতি দমন কমিশন আইন-২০০৪ এর ধারা ২ এর দফা 'টট'-এ সংজ্ঞায়িত সম্পত্তি এবং

(ঘ) "ইউনিট" অর্থ এ নির্দেশিকার দফা ৩ এ উল্লিখিত অপরাধলব্ধ সম্পদ ব্যবস্থাপনা ইউনিট।

৩। কমিশনের বিদ্যমান সাংগঠনিক কাঠামোতে প্রদর্শিত অপরাধলব্ধ সম্পদ ব্যবস্থাপনা শাখাটি "সম্পদ ব্যবস্থাপনা ইউনিট" হিসেবে অভিহিত হবে। এ ইউনিট কমিশনের সচিবের তত্ত্বাবধানে পরিচালিত হবে।

৪। **কার্যপদ্ধতি :**

(ক) অনুসন্ধান/তদন্তকারী কর্মকর্তা কোন সম্পদ জব্দ করলে বা আদালত হতে জব্দ/ক্রোক/অবরুদ্ধ/রিসিভার নিয়োগের আদেশপ্রাপ্ত হলে সাথে সাথে সংশ্লিষ্ট সম্পদের তালিকা ও প্রযোজ্য ক্ষেত্রে আদালতের আদেশের কপিসহ ইউনিটের পরিচালককে লিখিতভাবে অবহিত করবে;

(খ) আদালত কোন অর্থদণ্ড আরোপ বা কোন সম্পদ বাজেয়াপ্তির আদেশ প্রদান করলে ঢাকার ক্ষেত্রে পরিচালক (প্রসিকিউশন) এবং ঢাকার বাইরের ক্ষেত্রে সংশ্লিষ্ট সমন্বিত জেলা কার্যালয়ের উপপরিচালক লিখিতভাবে রায়/আদেশের কপিসহ ইউনিটের পরিচালককে অবহিত করবে;

(গ) ইউনিট জব্দ/ক্রোক/অবরুদ্ধ/বাজেয়াপ্তকৃত সম্পদের বিবরণ এবং অর্থদণ্ড সংক্রান্ত বিবরণ পৃথক পৃথক রেজিস্টারে লিপিবদ্ধকরতঃ সংরক্ষণ করবে;

(ঘ) সচিব এর অনুমোদনক্রমে পরিচালক রেজিস্টারে লিপিবদ্ধকৃত সম্পদ ব্যবস্থাপনার নিমিত্ত প্রয়োজনে কমিশনের এক বা একাধিক কর্মকর্তা/কর্মচারীর সমন্বয়ে টীম গঠন করতে পারবে;

(ঙ) ইউনিট আদালতের আদেশে বাজেয়াপ্তকৃত সম্পদ রাষ্ট্রের দখলে আনার বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণপূর্বক দখলে আনা নিশ্চিত করবে;

(চ) ইউনিট আদালত কর্তৃক প্রদত্ত অর্থদণ্ড আদায়ের নিমিত্ত সংশ্লিষ্ট দপ্তরসমূহের সাথে যোগাযোগ করাসহ প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবে;

(ছ) কমিশন আদালতের আদেশে অপরাধলব্ধ সম্পদের রিসিভার নিযুক্ত হলে ইউনিট কমিশনের পক্ষে আদালতের আদেশ মোতাবেক সংশ্লিষ্ট সম্পদ ব্যবস্থাপনার জন্য অত্র নীতিমালার ৪(ঘ) মোতাবেক গঠিত টিমকে দায়িত্ব প্রদান করতে পারবে এবং প্রয়োজনবোধে আদালতের অনুমোদনক্রমে উক্ত সম্পদ ব্যবস্থাপনার জন্য কোন উপযুক্ত ব্যক্তি/প্রতিষ্ঠানের সহায়তা গ্রহণ করতে পারবে;

(জ) কমিশন ব্যতীত অন্য কেহ রিসিভার নিযুক্ত হলে দুর্নীতি দমন কমিশন বিধিমালা, ২০০৭ এর ১৮গ(৩) বিধি মোতাবেক কমিশনের পক্ষে ইউনিট সংশ্লিষ্ট সম্পদ নিবিড়ভাবে পর্যবেক্ষণ ও তদারকি করবে এবং প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবে;

(ঝ) অপরাধলব্ধ সম্পদ রক্ষণাবেক্ষণ/ব্যবস্থাপনা/নিষ্পত্তির (disposal) বিষয়ে কোন রিসিভারের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ সংক্রান্তে আদালতের আদেশ আবশ্যক হলে ইউনিট কমিশনের অনুমোদনক্রমে লিগ্যাল অনুবিভাগের মাধ্যমে ব্যবস্থা গ্রহণ করবে;

(ঞ) অপরাধলব্ধ সম্পদ দেশের বাইরে অবস্থিত হলে ইউনিট আইনানুগভাবে প্রয়োজনে এমএলএআর প্রেরণসহ পররাষ্ট্র মন্ত্রণালয়ের সঙ্গে যোগাযোগক্রমে আদালতের আদেশ বাস্তবায়নের পদক্ষেপ গ্রহণ করবে;

(ট) অপরাধলব্ধ সম্পদ রক্ষণাবেক্ষণ/ব্যবস্থাপনা সম্পর্কে কোন জটিলতার কিংবা অস্পষ্টতার উদ্ভব হলে ইউনিট বিষয়টি সম্পর্কে আইন অনুবিভাগের মতামত গ্রহণ করবে এবং আদালতে কোন বিষয় উপস্থাপনের প্রয়োজন হলে লিগ্যাল অনুবিভাগের মাধ্যমে তা উপস্থাপন করবে;

(ঠ) ইউনিট ত্রৈমাসিক ভিত্তিতে গৃহীত কার্যক্রম সম্পর্কে কমিশনের নিকট প্রতিবেদন দাখিল করবে।

৫। **কমিশনের বিশেষ ক্ষমতা :**

কমিশন যে কোন সময় এ নির্দেশিকা সংশোধন বা বাতিলের ক্ষমতা সংরক্ষণ করে।

**মুহাম্মদ দিলোয়ার বখ্‌ত**
সচিব।

**বিভাগীয় কমিশনারের কার্যালয়, ময়মনসিংহ।**
**(সংস্থাপন শাখা)**

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ : ১৪ জ্যৈষ্ঠ ১৪২৭/২৮ মে ২০২০

**নং ০৫.৪৫.০০০০.০০৬.১৯.০১১.১৮-১৭৯**—বিসিএস (প্রশাসন) ক্যাডারের নিম্নবর্ণিত কর্মকর্তাকে পুনরাদেশ না দেয়া পর্যন্ত তাঁর নামের পাশে উল্লিখিত পদে নিয়োগ/বদলি করা হলো :

| ক্রম | কর্মকর্তার নাম, পরিচিতি নম্বর ও নিজ জেলা | স্পাউজের জেলা | বর্তমান কর্মস্থল | বদলিকৃত পদ ও কর্মস্থল |
|---|---|---|---|---|
| (ক) | জনাব মোঃ এরশাদুল আহমেদ<br>পরিচিতি নং-১৭৮৭৬<br>নিজ জেলা-ব্রাহ্মণবাড়ীয়া | নোয়াখালী | সহকারী কমিশনার (ভূমি)<br>খালিয়াজুরি, নেত্রকোণা | সহকারী কমিশনার (ভূমি)<br>সদর, নেত্রকোণা |

২। জনস্বার্থে জারিকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

তারিখ : ১৭ জ্যৈষ্ঠ ১৪২৭/৩১ মে ২০২০

**নং ০৫.৪৫.০০০০.০০৬.১৯.০১১.১৮-১৮২**—বিসিএস (প্রশাসন) ক্যাডারের নিম্নবর্ণিত কর্মকর্তাগণকে পুনরাদেশ না দেয়া পর্যন্ত তাঁর নামের পাশে উল্লিখিত পদে নিয়োগ/বদলি করা হলো :

| ক্রম | কর্মকর্তার নাম, পরিচিতি নম্বর ও নিজ জেলা | বর্তমান কর্মস্থল | বদলিকৃত পদ ও কর্মস্থল |
|---|---|---|---|
| (ক) | জনাব মোঃ আবিদুর রহমান<br>পরিচিতি নং-১৭৭৬৮<br>নিজ জেলা-ভোলা | সহকারী কমিশনার (ভূমি)<br>মুক্তাগাছা, ময়মনসিংহ | সহকারী কমিশনার (ভূমি)<br>গৌরীপুর, ময়মনসিংহ |
| (খ) | জনাব মোঃ মাসুদ রানা<br>পরিচিতি নং-১৭৯৬০<br>নিজ জেলা-নেত্রকোণা | সহকারী কমিশনার (ভূমি)<br>গৌরীপুর, ময়মনসিংহ | সহকারী কমিশনার (ভূমি)<br>মুক্তাগাছা, ময়মনসিংহ |

২। প্রশাসনিক কারণে/জনস্বার্থে এ আদেশ জারি করা হলো।

**খোন্দকার মোস্তাফিজুর রহমান** এনডিসি
বিভাগীয় কমিশনার।

---

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ : ০২ আষাঢ় ১৪২৭/১৬ জুন ২০২০

**নং ০৫.৪৫.০০০০.০০৬.১৯.০০৫.১৬-২০৬**—বিসিএস (প্রশাসন) ক্যাডারের নিম্নবর্ণিত কর্মকর্তাকে পুনরাদেশ না দেওয়া পর্যন্ত তার নামের পাশে উল্লিখিত পদে বদলি/পদায়ন করা হলো :

| ক্রম | কর্মকর্তার নাম, পরিচিতি নম্বর ও নিজ জেলা | বর্তমান কর্মস্থল | বদলিকৃত পদ ও কর্মস্থল |
|---|---|---|---|
| (ক) | জনাব এস. এম. মিকাইল ইসলাম<br>পরিচিতি নম্বর-২০৬৮৫<br>নিজ জেলা-খুলনা | জনপ্রশাসন মন্ত্রণালয়ের ২০ মে ২০২০ খ্রি. তারিখের ০৫.০০.০০০০. ১৩৭.০২.০০১.২০.১৫৭ নম্বর প্রজ্ঞাপনমূলে সহকারী কমিশনার হিসেবে পদায়নের প্রেক্ষিতে বিভাগীয় কমিশনারের কার্যালয়, ময়মনসিংহে যোগদানকৃত | সহকারী কমিশনার<br>জেলা প্রশাসকের<br>কার্যালয়,<br>জামালপুর। |

২। উল্লিখিত কর্মকর্তা অদ্য ১৬-০৬-২০২০ খ্রি. তারিখ অপরাহ্নে এ কার্যালয় হতে অবমুক্ত হবেন।

৩। জনস্বার্থে জারিকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

তারিখ : ০৩ আষাঢ় ১৪২৭/১৭ জুন ২০২০

**নং ০৫.৪৫.০০০০.০০৬.১৯.০১০.১৮-২১৩**—বিসিএস (প্রশাসন) ক্যাডারের নিম্নবর্ণিত কর্মকর্তাকে পুনরাদেশ না দেয়া পর্যন্ত তার নামের পাশে উল্লিখিত পদে বদলি/পদায়ন করা হলো :

| ক্রম | কর্মকর্তার নাম, পরিচিতি নম্বর ও নিজ জেলা | স্পাউজের জেলা | বর্তমান কর্মস্থল | বদলিকৃত পদ ও কর্মস্থল |
|---|---|---|---|---|
| (ক) | মিজ্ লুবনা শারমীন<br>পরিচিতি নম্বর-১৭৫১৩<br>নিজ জেলা-ময়মনসিংহ | -- | জনপ্রশাসন মন্ত্রণালয়ের মাঠ প্রশাসন-১ শাখার ১৩ জানুয়ারি ২০২০ খ্রি. তারিখের ০৫.০০.০০০০.১৩৭.০০.০০৮.১৯-০১০ নম্বর প্রজ্ঞাপনমূলে সিনিয়র সহকারী কমিশনার/সহকারী কমিশনার হিসেবে পরবর্তী পদায়নের প্রেক্ষিতে বিভাগীয় কমিশনারের কার্যালয়, ময়মনসিংহে ন্যস্ত | সিনিয়র সহকারী কমিশনার বিভাগীয় কমিশনারের কার্যালয়, ময়মনসিংহ। |

২। জনস্বার্থে জারিকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

**নং ০৫.৪৫.০০০০.০০৬.১৯.০১০.১৮-২১৪**—বিসিএস (প্রশাসন) ক্যাডারের নিম্নবর্ণিত কর্মকর্তাগণকে পুনরাদেশ না দেয়া পর্যন্ত তাদের নামের পাশে উল্লিখিত পদে বদলি/পদায়ন করা হলো :

| ক্রম | কর্মকর্তার নাম, পরিচিতি নম্বর ও নিজ জেলা | স্পাউজের জেলা | বর্তমান কর্মস্থল | বদলিকৃত পদ ও কর্মস্থল |
|---|---|---|---|---|
| (ক) | জনাব মোঃ সাইফুল ইসলাম<br>পরিচিতি নম্বর-১৭২১৩<br>নিজ জেলা-নেত্রকোণা | কিশোরগঞ্জ | উপজেলা নির্বাহী অফিসার ফুলপুর, ময়মনসিংহ | উপজেলা নির্বাহী অফিসার সদর, ময়মনসিংহ। |
| (খ) | জনাব মোঃ মইনউদ্দিন খন্দকার<br>পরিচিতি নম্বর-১৭২৫০<br>নিজ জেলা-কুমিল্লা | গাজীপুর | জনপ্রশাসন মন্ত্রণালয়ের মাঠ প্রশাসন-২ শাখার ০৩ মে, ২০২০ খ্রি. তারিখের ০৫.০০.০০০০.১৩৯.১৯.০০১.১৯-১০৯ নম্বর প্রজ্ঞাপনমূলে উপজেলা নির্বাহী অফিসার হিসেবে পদায়নের প্রেক্ষিতে বিভাগীয় কমিশনারের কার্যালয়, ময়মনসিংহে ন্যস্ত। | উপজেলা নির্বাহী অফিসার কেন্দুয়া, নেত্রকোণা। |
| (গ) | জনাব মোঃ বুলবুল আহমেদ<br>পরিচিতি নম্বর-১৭৪৩৮<br>নিজ জেলা-ময়মনসিংহ | ময়মনসিংহ | জনপ্রশাসন মন্ত্রণালয়ের মাঠ প্রশাসন-২ শাখার ২০ মে, ২০২০ খ্রি. তারিখের ০৫.০০.০০০০.১৩৯.১৯.০০১.১৯-১১৮ নম্বর প্রজ্ঞাপনমূলে উপজেলা নির্বাহী অফিসার হিসেবে পদায়নের প্রেক্ষিতে বিভাগীয় কমিশনারের কার্যালয়, ময়মনসিংহে ন্যস্ত। | উপজেলা নির্বাহী অফিসার মদন, নেত্রকোণা। |
| (ঘ) | জনাব শীতেষ চন্দ্র সরকার<br>পরিচিতি নম্বর-১৭৪৫৪<br>নিজ জেলা-নেত্রকোণা | সাতক্ষীরা | জনপ্রশাসন মন্ত্রণালয়ের মাঠ প্রশাসন-২ শাখার ০১ জুন, ২০২০ খ্রি. তারিখের ০৫.০০.০০০০.১৩৯.১৯.০০১.১৯-১১৯ নম্বর প্রজ্ঞাপনমূলে উপজেলা নির্বাহী অফিসার হিসেবে পদায়নের প্রেক্ষিতে বিভাগীয় কমিশনারের কার্যালয়, ময়মনসিংহে ন্যস্ত। | উপজেলা নির্বাহী অফিসার ফুলপুর, ময়মনসিংহ। |

২। জনস্বার্থে জারিকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

**মোঃ কামরুল হাসান** এনডিসি

বিভাগীয় কমিশনার।

**বিভাগীয় কমিশনারের কার্যালয়, খুলনা।**
**(মাঠ প্রশাসন শাখা)**

**প্রজ্ঞাপন**

তারিখ : ১০ মার্চ ২০২০ খ্রি.

**নং ০৫.৪৪.০০০০.০০৬.১৯.০১৫.১৯-১৭৬**—বিসিএস (প্রশাসন) ক্যাডারের নিম্নবর্ণিত কর্মকর্তাগণকে তাদের নামের পার্শ্বে বর্ণিত উপজেলায় উপজেলা নির্বাহী অফিসার হিসেবে এতদ্বারা বদলি/পদায়ন করা হলো :

| ক্রম: | কর্মকর্তার নাম, নিজ ও স্পাউসের জেলা | বর্তমান কর্মস্থল | বদলি/পদায়নকৃত কর্মস্থল |
|---|---|---|---|
| ০১ | পুলক কুমার মন্ডল (১৬৮১৪)<br>নিজ জেলা : সাতক্ষীরা<br>স্পাউসের জেলা : চট্টগ্রাম | উপজেলা নির্বাহী অফিসার, শার্শা, যশোর | তেরখাদা, খুলনা |
| ০২ | শারমিন আক্তার (১৬৮৪৬)<br>নিজ জেলা : সাতক্ষীরা<br>স্পাউসের জেলা : সাতক্ষীরা | উপজেলা নির্বাহী অফিসার, দৌলতপুর, কুষ্টিয়া | শার্শা, যশোর |
| ০৩ | বিষ্ণুপদ পাল (১৬৮৮২)<br>নিজ জেলা : বগুড়া<br>স্পাউসের জেলা : বাগেরহাট | উপজেলা নির্বাহী অফিসার, তেরখাদা, খুলনা | কলারোয়া, সাতক্ষীরা |
| ০৪ | সুজিৎ দেবনাথ (১৬৯৮৭)<br>নিজ জেলা : মেহেরপুর<br>স্পাউসের জেলা : বগুড়া | বিভাগীয় কমিশনারের কার্যালয়, খুলনা (জনপ্রশাসন মন্ত্রণালয়ের ২৬-০২-২০২০ তারিখের ০৫.০০.০০০০.১৩৯.১৯.০০১.১৯-৬৪ নং প্রজ্ঞাপনে এ কার্যালয়ে ন্যস্তকৃত) | কুমারখালী, কুষ্টিয়া |
| ০৫ | আর,এম, সেলিম শাহনেওয়াজ (১৭০০৭)<br>নিজ জেলা : ঝিনাইদহ<br>স্পাউসের জেলা : যশোর | উপজেলা নির্বাহী অফিসার, কলারোয়া, সাতক্ষীরা | কচুয়া, বাগেরহাট |

২। উল্লেখ্য এ কার্যালয়ের ০৪-০৩-২০২০ তারিখের ০৫.৪৪.০০০০.০০৬.১৯.০১৫.১৯-১৫৭ নং প্রজ্ঞাপনে ইতোপূর্বে জনাব শারমিন আক্তার (১৬৮৪৬), উপজেলা নির্বাহী অফিসার, দৌলতপুর, কুষ্টিয়াকে কুমারখালী, কুষ্টিয়ায় বদলির তার অংশটুকু এবং এ কার্যালয়ের ০৮-০৩-২০২০ তারিখের ০৫.৪৪.০০০০.০০৬.১৯.০১৫.১৯-১৬৫ নং প্রজ্ঞাপনে জনাব সুজিৎ দেবনাথ (১৬৯৮৭), উপজেলা নির্বাহী অফিসারকে কচুয়া, বাগেরহাটে বদলির প্রজ্ঞাপনটি এতদ্বারা বাতিল করা হলো।

৩। জনস্বার্থে জারিকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

**ড. মুঃ আনোয়ার হোসেন তালুকদার**
বিভাগীয় কমিশনার।

---

**অতিরিক্ত পরিচালকের কার্যালয়**
**কৃষি সম্প্রসারণ অধিদপ্তর**
**যশোর অঞ্চল, যশোর।**

**স্মারকলিপি**

তারিখ : ২১ জুন ২০২০ খ্রিঃ

**নং ১২.১৬.৪১০০.০৩৯.০১.০২৩.১৯/৭২১(৯)**—কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, যশোর অঞ্চল, যশোরের অধীনস্থ নিম্নলিখিত কর্মকর্তাকে একই বেতন স্কেলে নামের পার্শ্বে বর্ণিত কর্মস্থলে বদলি করা হ'ল :

জনাব মোঃ আমিরুল ইসলাম, সহকারী কৃষি সম্প্রসারণ কর্মকর্তা, উপজেলা কৃষি অফিস, দামুড়হুদা, চুয়াডাঙ্গা—উপজেলা কৃষি অফিস, আলমডাঙ্গা, চুয়াডাঙ্গা।

এই আদেশ জনস্বার্থে জারী করা হ'ল এবং অবিলম্বে কার্যকর হবে।

**পার্থ প্রতিম সাহা**
অতিরিক্ত পরিচালক।

**মৃত্তিকা সম্পদ উন্নয়ন ইনস্টিটিউট**

**অফিস আদেশ**

তারিখ : ২৮ জ্যৈষ্ঠ ১৪২৭/১১ জুন ২০২০

**নং ১২.০৩.০০০০.০০৩.৪৩.০০৩.০০৩.২৮৬**—মৃত্তিকা সম্পদ উন্নয়ন ইনস্টিটিউটের নিম্নবর্ণিত কর্মকর্তাগণকে তাঁদের নামের পার্শ্বে বর্ণিত পদ ও কর্মস্থলে বদলি করা হলো :

১। মোঃ শফিউল আলম, উপ-সহকারী প্রকৌশলী (ইনস্ট্রুমেন্ট), মৃত্তিকা সম্পদ উন্নয়ন ইনস্টিটিউট, বিভাগীয় গবেষণাগার, রাজশাহী—মৃত্তিকা সম্পদ উন্নয়ন ইনস্টিটিউট, প্রশাসন শাখা, ঢাকা।

২। মোহাম্মদ তৌহিদুর রহমান, উপ-সহকারী প্রকৌশলী (ইনস্ট্রুমেন্ট), মৃত্তিকা সম্পদ উন্নয়ন ইনস্টিটিউট, প্রশাসন শাখা, ঢাকা—মৃত্তিকা সম্পদ উন্নয়ন ইনস্টিটিউট, বিভাগীয় গবেষণাগার, রাজশাহী।

২। জনস্বার্থে জারিকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে এবং আগামী ২১-০৬-২০২০ খ্রিঃ তারিখের মধ্যে বদলিকৃত কর্মস্থলে যোগদানের নির্দেশ প্রদান করা হলো। অন্যথায় ২২-০৬-২০২০ খ্রিঃ তারিখের পর অবমুক্ত হিসেবে গণ্য হবেন।

৩। এ আদেশ দ্বারা অত্র ইনস্টিটিউটের ২২-০৭-২০০৩ খ্রিঃ তারিখের মৃত্তিকা/প্রঃ (সাঃ) ১২-১ (খ)/২১৬৬ সংখ্যক অফিস আদেশটি বাতিল করা হলো।

**বিধান কুমার ভান্ডার**
মহাপরিচালক।

---

**কমিশনার অব কাস্টমস এর কার্যালয়**
**কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, সিলেট।**

**প্রজ্ঞাপন**

তারিখ : ২০ মে ২০২০

**নং ২য়/ইটি-৭(২)/বদলি/সিঃকমিঃ/২০১১(অংশ-২)/১৪৪৬**—রাজস্ব প্রশাসনে অধিকতর গতিশীলতা আনয়ন এবং করদাতা বান্ধব পরিবেশ সৃজনের জন্য অনুসৃত "সুশাসন ও আধুনিক ব্যবস্থাপনা কাঠামো" এর আওতায় কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, সিলেট-এর নিচে বর্ণিত সহকারী রাজস্ব কর্মকর্তাগণকে পুনরাদেশ না দেয়া পর্যন্ত তাঁদের নামের বিপরীতে উল্লিখিত কর্মস্থলে বদলি/পদস্থ করা হলো :

| ক্র নং | কর্মকর্তার নাম ও জন্ম তারিখ | বর্তমান কর্মস্থল | নতুন/বদলিকৃত কর্মস্থল |
|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) |
| ১. | জনাব লিটন চন্দ্র তালুকদার<br>৩১-০৭-১৯৮৩ | জুড়ি এলসি স্টেশন। | সদর দপ্তর, সিলেট। |
| ২. | জনাব মোঃ জহির আলী<br>০৫-০৬-১৯৮৭ | চাতলাপুর এলসি স্টেশন | জুড়ি এলসি স্টেশন। |

২। এ আদেশ জনস্বার্থে জারি করা হলো এবং অবিলম্বে কার্যকর হবে।

**মোঃ মিনহাজ উদ্দিন**
যুগ্ম-কমিশনার (চঃ দাঃ)।
কমিশনারের পক্ষে।

---

**কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট,**
**আগ্রাবাদ, চট্টগ্রাম।**

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ : ১০ আষাঢ় ১৪২৭ বঙ্গাব্দ/২৪ জুন ২০২০ খ্রিষ্টাব্দ

**নং ২য়/৫১-ইটি/২০০৬/১৮৪২**—কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, চট্টগ্রাম এ কর্মরত নিম্নবর্ণিত কর্মকর্তাগণকে নামের পার্শ্বে কলাম (০৩) এ বর্ণিত কর্মস্থল হতে কলাম (০৪) এ বর্ণিত কর্মস্থলে পদস্থ/বদলি করা হরো :

| ক্রঃ নং | কর্মকর্তার নাম ও পদবি | বর্তমান কর্মস্থল | বদলিকৃত/পদস্থকৃত কর্মস্থল | মন্তব্য |
|---|---|---|---|---|
| (০১) | (০২) | (০৩) | (০৪) | (০৫) |
| ১. | জনাব মোঃ শাহীনূর কবীর পাভেল<br>উপ কমিশনার | চান্দগাঁও বিভাগ | আগ্রাবাদ বিভাগ | |

| (০১) | (০২) | (০৩) | (০৪) | (০৫) |
|---|---|---|---|---|
| ২. | জনাব মোঃ আহসান উল্লাহ<br>উপ কমিশনার | আগ্রাবাদ বিভাগ | চান্দগাঁও বিভাগ | |
| ৩. | জনাব এইচ এম কবির<br>সহকারী কমিশনার | চট্টলা বিভাগ | সদর দপ্তর | |
| ৪. | জনাব নু-চ-প্রু<br>সহকারী কমিশনার | কক্সবাজার বিভাগ;<br>অতিরিক্ত দায়িত্ব : টেকনাফ স্থল শুল্ক স্টেশন | বান্দরবান বিভাগ | |
| ৫. | জনাব এস. এম. সরাফত হোসেন<br>সহকারী কমিশনার | বান্দরবান বিভাগ | চট্টলা বিভাগ | |
| ৬. | জনাব খাদিজা পারভীন সুমী<br>সহকারী কমিশনার | সদর দপ্তর | কক্সবাজার বিভাগ;<br>অতিরিক্ত দায়িত্ব : টেকনাফ স্থল শুল্ক স্টেশন | |

২। বিভাগীয় দপ্তরে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাগণ স্ব স্ব পদস্থকৃত বিভাগীয় দপ্তরের আয়ন-ব্যয়ন কর্মকর্তা হিসেবে দায়িত্ব পালন করবেন।

৩। এ আদেশ জনস্বার্থে জারি করা হলো এবং ০৫-০৭-২০২০ খ্রিঃ তারিখের মধ্যে বদলিকৃত কর্মকর্তাগণ সংশ্লিষ্ট বদলিকৃত কর্মস্থলে যোগদান করবেন।

তারিখ : ১৫ আষাঢ় ১৪২৭ বঙ্গাব্দ/২৯ জুন ২০২০ খ্রিষ্টাব্দ

**নং ২য়/৮৮-ইটি/বিসিএস ক্যাডার কর্মকর্তা/১২/১৯৩২**—কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, চট্টগ্রাম এ কর্মরত নিম্নবর্ণিত কর্মকর্তা-কে নামের পার্শ্বে কলাম (০৩) এ বর্ণিত কর্মস্থল হতে কলাম (০৪) এ বর্ণিত কর্মস্থলে পদস্থ/বদলি করা হরো :

| ক্রঃ নং | কর্মকর্তার নাম ও পদবি | বর্তমান কর্মস্থল | বদলিকৃত/পদস্থকৃত কর্মস্থল |
|---|---|---|---|
| (০১) | (০২) | (০৩) | (০৪) |
| ১. | জনাব মোছাঃ আয়শা সিদ্দিকা<br>সহকারী কমিশনার | কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট, রাঙ্গামাটি বিভাগ;<br>অতিরিক্ত দায়িত্ব : সদর দপ্তর। | কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট, রাঙ্গামাটি বিভাগ |

২। এ আদেশ জনস্বার্থে জারি করা হলো যা অবিলম্বে কার্যকর হবে।

**মোহাম্মদ এনামুল হক**
কমিশনার।

---

**কারা অধিদপ্তর**

**প্রজ্ঞাপন**

তারিখ : ২১ ফাল্গুন, ১৪২৬ বঙ্গাব্দ/০৫ মার্চ, ২০২০ খ্রিঃ

**নং ৫৮.০৪.০০০০.০২৪.০১.০০১.২০২০-১৪৬**—কারা অধিদপ্তরের প্রজ্ঞাপন নং ৫৮.০৪.০০০০.০২৪.০১.০০১.২০২০-৯২, তারিখ ১০-০২-২০২০ মূলে জারিকৃত ডেপুটি জেলারদের বদলি আদেশ আংশিক পরিবর্তনপূর্বক নিম্নরূপ বদলির আদেশ জনস্বার্থে জারি করা হলো। তাদেরকে বদলিকৃত কর্মস্থলে অতিসত্বর যোগদানের নির্দেশ প্রদান করা হলো। উল্লেখ্য পূর্বের জারীকৃত প্রজ্ঞাপনের অন্যান্য অংশ অপরিবর্তীত থাকবে :

| নং | ডেপুটি জেলার নাম | নিজ জেলা | বর্তমান কর্মস্থল | বদলিকৃত কর্মস্থল | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ১২ | জনাব ডালিয়া রহমান | ফরিদপুর | ঝিনাইদহ জেলা কারাগার | রাজবাড়ি জেলা কারাগার | |

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

**মোঃ আবরার হোসেন**
কর্নেল
অতিরিক্ত কারা মহাপরিদর্শক।
পক্ষে-কারা মহাপরিদর্শক।

**গণযোগাযোগ অধিদপ্তর**

**প্রজ্ঞাপন**

তারিখ : ০৮ মার্চ ২০২০ খ্রিঃ

**নং গযো/১২পি-২১/৮০/৭১০**—এ অধিদপ্তরে মানিকগঞ্জ জেলা তথ্য অফিসের সহকারী তথ্য অফিসার, জনাব মোঃ আবদুর রাজ্জাক-এর এস এস সি সনদপত্র অনুযায়ী জন্ম তারিখ ১৫-০৪-১৯৬১। তাঁর বয়স ১৪-০৪-২০২০ তারিখে ৫৯ (ঊনষাট) বছর পূর্ণ হবে।

পরিপ্রেক্ষিতে, গণকর্মচারী (অবসর) আইন, ১৯৭৪-এর সংশোধনী আইন The Public Servants (Retirement) (Second Amendment) Ordinance-২০১১ এবং অর্থবিভাগের ০৬-০৪-২০১০ তারিখের অম/অবি/প্রবি-১/চাঃবিঃ-৩/২০১০(অংশ-৩)/৬২ নং প্রজ্ঞাপনের অনুচ্ছেদ ১ (ক) অনুযায়ী তাঁকে ১৪-০৪-২০২০ তারিখ অবসর প্রদান এবং তাঁর অনুকূলে ছুটি পাওনা থাকায় ১৫-০৪-২০২০ থেকে ১৪-০৪-২০২১ তারিখ পর্যন্ত ১ (এক) বছর পূর্ণগড় বেতনে অবসর উত্তর ছুটি মঞ্জুর করা হলো।

**আকতার হোসেন**
মহাপরিচালক (চলতি দায়িত্ব)।

---

**চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর**

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ : ২৪ ফাল্গুন ১৪২৬/০৮ মার্চ ২০২০

**নং ১৫.৫৭.০০০০.০০১.১১.০০৩.১১.২১০৩**—তথ্য মন্ত্রণালয়ের প্রেস-১ শাখার ০৫ মার্চ ২০২০ তারিখের ১৫.০০.০০০০.০১৯.১২.০০৪.১৫-৮০ সংখ্যক পত্রের সুপারিশের প্রেক্ষিতে চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তরের ১০তম গ্রেডভুক্ত 'প্রশাসনিক কর্মকর্তা'-এর ০১(এক) টি শূন্য পদে নিম্নবর্ণিত কর্মকর্তাকে নামের পার্শ্বে বর্ণিত পদ ও বেতন স্কেলে পদোন্নতি প্রদান করা হলো :

| ক্রঃ নং | নাম ও পদবি | পদোন্নতি প্রাপ্ত পদের নাম ও বেতন স্কেল |
|---|---|---|
| ১। | জনাব সাঈদ আহমদ<br>সেল্স প্রমোশন অফিসার<br>গ্রেড-১২, (ব্যক্তিগত বেতন গ্রেড-১১) | প্রশাসনিক কর্মকর্তা<br>বেতন স্কেল :<br>১৬০০০—৩৮৬৪০<br>(গ্রেড-১০) |

২। তিনি ১(এক) বছর শিক্ষানবিশ হিসেবে কর্মরত থাকবেন এবং তার চাকুরিকাল সন্তোষজনকভাবে পূর্ণ হওয়া সাপেক্ষে পদোন্নতিপ্রাপ্ত পদে স্থায়ী (Confirm) করা হবে।

৩। জনস্বার্থে এ আদেশ জারি করা হলো এবং তা অবিলম্বে কার্যকর হবে।

তারিখ : ১৫ আষাঢ় ১৪২৭/২৯ জুন ২০২০

**নং ১৫.৫৭.০০০০.০০১.১২.০০১.১৪(১ম খণ্ড)-৩৬৭৪**—বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়ের ০১ জুন ২০২০ তারিখের ৮০.১০২. ০১২.০০.০০.০৩.২০১৯-১৩০ সংখ্যক পত্রের সুপারিশ এবং তথ্য মন্ত্রণালয়ের ২১ জুন ২০২০ তারিখের ১৫.০০.০০০০. ০১৯.১২.০০৫.১৬-১৪২ সংখ্যকপত্রের প্রেক্ষিতে এ অধিদপ্তরের ১২তম গ্রেডভুক্ত সহকারী প্রকাশনা রেজিস্টার-এর ০১(এক) টি শূন্য পদে নিম্নবর্ণিত কর্মকর্তাকে নামের পার্শ্বে বর্ণিত পদ ও বেতন স্কেলে পদোন্নতি প্রদান করা হলো :

| ক্রঃ নং | নাম ও পদবি | পদোন্নতি প্রাপ্ত পদের নাম ও বেতন স্কেল |
|---|---|---|
| ১। | মিজ সুলতানা বেগম<br>সিনিয়র সাব এডিটর | সহকারী প্রকাশনা রেজিস্টার<br>বেতন স্কেল :<br>১১৩০০—২৭৩০০<br>(গ্রেড-১২) |

২। তিনি ১(এক) বছর শিক্ষানবিশ হিসেবে কর্মরত থাকবেন এবং তার চাকুরিকাল সন্তোষজনকভাবে পূর্ণ হওয়া সাপেক্ষে পদোন্নতিপ্রাপ্ত পদে স্থায়ী (Confirm) করা হবে।

৩। জনস্বার্থে এ আদেশ জারি করা হলো এবং তা অবিলম্বে কার্যকর হবে।

**স.ম.গোলাম কিবরিয়া**
মহাপরিচালক (অতিরিক্ত দায়িত্ব)।

---

**ডিআইজি আর্মড পুলিশ ব্যাটালিয়নের কার্যালয়**
**উত্তরা, ঢাকা**

**বিজ্ঞপ্তি**

তারিখ : ২১ জ্যৈষ্ঠ ১৪২৭ বঙ্গাব্দ/০৪ জুন ২০২০ খ্রিষ্টাব্দ

**নং ১৭২-২০২০/(এপিস)/৭৬৯**—জনাব মোঃ খেদমত আলী (বিপি-৬১৮০০০১৯৪৯), সশস্ত্র পুলিশ পরিদর্শক, ১২ এপিবিএন, উত্তরা, ঢাকা এর জন্ম তারিখ ১৮-০৬-১৯৬১ খ্রিঃ মোতাবেক চাকুরি ৫৯ (ঊনষাট) বৎসর পূর্তিতে সরকারী কর্মচারী (অবসর) আইন (১৯৭৪ সনের ১২ নং আইন) এর ৪ ধারামতে তাকে ১৭-০৬-২০২০ খ্রিঃ সরকারি চাকুরি হতে অবসর প্রদান করা হলো।

২। তাঁর অনুকূলে ১৮ (আঠারো) মাসের মূল বেতনের সমপরিমাণ অর্থ লাম্পগ্র্যান্টসহ সংশ্লিষ্ট হিসাব রক্ষণ কর্মকর্তার ছুটি প্রাপ্যতার প্রতিবেদন অনুযায়ী ১৮-০৬-২০২০ খ্রিঃ হইতে ১৭-০৬-২০২১ খ্রিঃ পর্যন্ত ১২ (বার) মাসের পূর্ণ গড় বেতনে অবসর উত্তর ছুটি (পিআরএল) মঞ্জুর করা হলো।

৩। তিনি বিধি অনুযায়ী অবসর ও অবসরোত্তর ছুটিকালীন সুবিধাদি প্রাপ্য হবেন।

**মোঃ নিশারুল আরিফ**
বিপি-৬৮৯৮০২০৮৩১
ডিআইজি এসপিবিএন
ডিআইজি এপিবিএন (অতিরিক্ত দায়িত্ব)।

---

**জেলা প্রশাসকের কার্যালয়, ময়মনসিংহ**
**(ভূমি অধিগ্রহণ শাখা)**
**এল এ কেস নং-০৪/২০১৮-১৯**
**ফরম-'ঙ'**
**(৬নং বিধি দ্রষ্টব্য)**
**ঘোষণা**
**[ ১২(১) ধারা অনুযায়ী ]**

যেহেতু "নর্দান বাংলাদেশ ইন্টিগ্রেটেড ডেভেলপমেন্ট প্রজেক্ট (নবিদেব)" প্রকল্পের আওতায় ফুলপুর পৌরসভার আবর্জনা ফেলার স্থান (ডাম্পিং) স্টেশন) নির্মাণের জন্য ময়মনসিংহ জেলার ফুলপুর

উপজেলাধীন ফতেপুর মৌজার নিম্নোক্ত তফসিলে বর্ণিত অধিগ্রহণাধীন সম্পত্তির ক্ষতিপূরণ বাবদ সরকার কর্তৃক অনুমোদিত প্রাক্কলিত অর্থ প্রত্যাশী সংস্থা মেয়র, ফুলপুর পৌরসভা, ময়মনসিংহ কর্তৃক ২০১৭ এর ৮(৪) ধারা মোতাবেক ১২০ (একশত বিশ) কার্য দিবসের মধ্যে জেলা প্রশাসক, ময়মনসিংহ বরাবরে ন্যস্ত করা হয়নি এবং ইহার জন্য উক্ত সম্পত্তির মালিক বা স্বার্থবান ব্যক্তিগণ দায়ী নহেন।

সেহেতু এক্ষণে, স্থাবর সম্পত্তি অধিগ্রহণ ও হুকুমদখল আইন, ২০১৭ (২০১৭ সালের ২১ নং আইন) এর ১৪(১) ধারা অনুসারে আমি ঘোষণা করিতেছি যে, ১৮-১১-২০১৯ খ্রিঃ তারিখে নিম্নোক্ত সম্পত্তি সম্পর্কে গৃহীত অধিগ্রহণ সংক্রান্ত কার্যধারা বাতিল করা হইল।

মৌজাঃ ফতেপুর, জে.এল নং-৯০, উপজেলাঃ ফুলপুর, জেলাঃ ময়মনসিংহ।

**তফসিল**

| দাগ নং (আর.এস) | অধিগ্রহণের জন্য প্রস্তাবিত জমির পরিমাণ (একর) |
|---|---|
| ১৯৩৮ | ০.৫০ |
| ১৯৩৯ | ০.২৫ |
| ১৯৪০ | ০.২৫ |
| ১৯৩২ | ০.৫২ |
| ১৯৩৩ | ০.৩৭ |
| ১৯৩৪ | ০.৩৪ |
| ১৯৪১ | ০.৬৫ |
| ১৯৩৫ | ০.৩৭ |
| ১৯৪২ | ০.৩২ |
| ১৯৪২ | ০.৩২ |
| ১৯৩০ | ০.৯৭ |
| ১৯৩১ | ০.৩১ |
| ১৯৩৬ | ০.৩৭ |
| ১৯৩৭ | ০.২৯ |
| ১৯৫৮ | ০.৬৭ |
| | মোট=৬.৫০ একর |

অধিগ্রহণের জন্য প্রস্তাবিত জমির পরিমাণ=৬.৫০ একর

**মোঃ মিজানুর রহমান**
জেলা প্রশাসক।

---

**জেলা প্রশাসকের কার্যালয়, সিলেট**
**(ভূমি অধিগ্রহণ শাখা)**
**অধিগ্রহণ কেস নং-০২/২০০৩-২০০৪**
**ফরম-ঘ**
**(৫নং বিধি দ্রষ্টব্য)**
**ঘোষণা**
**[ ১১(২) ধারা মোতাবেক]**

যেহেতু, এই মর্মে সিদ্ধান্ত গৃহীত হইয়াছে যে, নিম্ন তফসিল বর্ণিত সম্পত্তি বাধ্যতামূলকভাবে অধিগ্রহণ করিতে হইবে এবং তদানুযায়ী ১৯৮২ সনের স্থাবর সম্পত্তি অধিগ্রহণ ও হুকুম দখল অধ্যাদেশ (১৯৮২ সনের ২নং অধ্যাদেশ) এর ১০ ধারা অনুসারে উহার ক্ষতিপূরণ প্রদান করা হইয়াছে অথবা প্রদান করা হইবে বলিয়া গণ্য হইয়াছে।

সেহেতু, এক্ষণে, উক্ত অধ্যাদেশের ১১ ধারার (২) উপ-ধারা অনুযায়ী আমি ঘোষণা করিতেছি যে, উক্ত সম্পত্তিসমূহ বাধ্যতামূলকভাবে অধিগ্রহণ করা হইল এবং ইহা সর্বপ্রকার দায়-দায়িত্ব মুক্ত হইয়া সরকারের উপর অর্পিত হইল।

**তফসিল**

মৌজাঃ উমনপুর, জে, এল নং-৩৩০, উপজেলাঃ জৈন্তাপুর, জেলাঃ সিলেট।

| এস, এ খতিয়ান নং | এস, এ দাগ নং | অধিগ্রহণকৃত জমির পরিমাণ (একর) |
|---|---|---|
| ২৪ | ২৮৯ অংশ | ০.৬৭ |

সর্বমোট জমির পরিমাণ=০.৬৭ একর।

অধিগ্রহণকৃত ভূমির নক্সা জেলা প্রশাসকের কার্যালয়, সিলেট এর ভূমি হুকুম দখল শাখায় দেখা যাইতে পারে।

**ড. মোহাম্মদ আবুল হাসান**
অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব)।

---

**অধিগ্রহণ মামলা নম্বর-৪৬/১৯৮৩-৮৪**
**ঘোষণা**
**ফরম-ঘ**

যেহেতু, এই মর্মে সিদ্ধান্ত গৃহীত হইয়াছে যে, নিম্ন তফসিল বর্ণিত সম্পত্তিসমূহ বাধ্যতামূলকভাবে অধিগ্রহণ করিতে হইবে এবং তদানুযায়ী স্থাবর সম্পত্তি অধিগ্রহণ ও হুকুম দখল অধ্যাদেশ ১৯৮২ (১৯৮২ সনের ২নং অধ্যাদেশ) এর ১০ ধারা অনুসারে এর ক্ষতিপূরণ প্রদান করা হয়েছে অথবা ক্ষতিপূরণ প্রদান করা হবে বলে গণ্য হয়েছে।

সেহেতু, এক্ষণে, উক্ত অধ্যাদেশের ১১ ধারার (২) উপ-ধারা অনুযায়ী আমি ঘোষণা করছি যে, উক্ত সম্পত্তিসমূহ বাধ্যতামূলকভাবে অধিগ্রহণ করা হল এবং ইহা সর্বপ্রকার দায়-দায়িত্ব মুক্ত হয়ে সরকারের উপর অর্পিত হল।

**তফসিল**

জেলাঃ সিলেট, উপজেলাঃ সিলেট সদর , মৌজাঃ লক্ষিপাশা, জে, এল নং-১১৯।

| এস, এ খতিয়ান নং | এস, এ দাগ নং | অধিগ্রহণকৃত জমির শ্রেণি | অধিগ্রহণকৃত জমির পরিমাণ (একরে) |
|---|---|---|---|
| ১০৪০ | ১৩৯৭ অংশ | সাইল | ০.০২০০ |
| ১০৫২ | ১৩৯৮ অংশ | চারা | ০.০৩৫০ |
| ১০৬৯ | ১৩৯৯ অংশ | চারা | ০.০৪৭৫ |
| ১০৬৯ | ১৪০০ অংশ | সাইল | ০.০০৫০ |
| ২১৬ | ১৪০২ অংশ | সাইল | ০.০১৫০ |
| ৫০৮ | ১৪০৪ অংশ | সাইল | ০.০২৭৫ |
| ১৩০২ | ১৪০৬ অংশ | সাইল | ০.০৪২৫ |
| ১ | ১৪০৮ অংশ | রাস্তা | ০.০৫০০ |
| ১৩৮৩ | ১৪১০ অংশ | সাইল | ০.০২০০ |
| ৯৪৮ | ১৪১৩ অংশ | চারা | ০.০৩০০ |
| ৯৫০ | ১৪১৪ অংশ | চারা | ০.০৫০০ |

| এস, এ খতিয়ান নং | এস, এ দাগ নং | অধিগ্রহণকৃত জমির শ্রেণি | অধিগ্রহণকৃত জমির পরিমাণ (একরে) |
|---|---|---|---|
| ১৩৮৬ | ১৪২০ অংশ | সাইল | ০.১৮৭৫ |
| ৫৪৯ | ১৫৫৮ অংশ | সাইল | ০.০০৫০ |
| ৫০৮ | ১৫৫৯ অংশ | সাইল | ০.০৫৫০ |
| ৫০৮ | ১৫৬০ অংশ | চারা | ০.০২২৫ |
| ৫০৬ | ১৫৬১ অংশ | চারা | ০.০০৫০ |
| ৫১৬ | ১৫৬২ অংশ | চারা | ০.০৩০০ |
| ৯৫১ | ১৫৬৫ অংশ | সাইল | ০.০৭০০ |
| ৫২৪ | ১৫৬৬ অংশ | ছনখলা | ০.০২৫০ |
| ১ | ১৫৯১ অংশ | রাস্তা | ০.০১২৫ |
| ১০৩ | ১৬৫৭ অংশ | সাইল | ০.১৮২৫ |
| ১০৩ | ১৬৫৮ অংশ | চারা | ০.০৫৫০ |
| ২৮১ | ১৬৭৭ অংশ | সাইল | ০.০৪২৫ |
| ১০৬৬ | ১৬৮৩ অংশ | সাইল | ০.০৪৭৫ |
| ১০৭৪ | ১৬৮৪ অংশ | সাইল | ০.০১০০ |
| ১০৬৬ | ১৬৯৩ অংশ | সাইল | ০.০১০০ |
| ১৩৪ | ১৬৯৪ অংশ | সাইল | ০.০১০০ |
| ১০৬২ | ১৬৯৫ অংশ | সাইল | ০.০৯২৫ |
| ১ | ১৬৯৬ অংশ | রাস্তা | ০.০১৫০ |
| ১ | ১৭০১ অংশ | রাস্তা | ০.০১০০ |
| ১৮ | ১৭১৪ অংশ | চারা | ০.০১২৫ |
| ১৩২৬ | ১৭১৫ অংশ | চারা | ০.১৫২৫ |
| ১৩০১ | ১৭২০ অংশ | রাস্তা | ০.০০৫০ |
| ৭ | ১৭৩৪ অংশ | সাইল | ০.০৩৫০ |
| ১২ | ১৭৩৫ অংশ | সাইল | ০.০৪২৫ |
| ২০ | ১৭৩৬ অংশ | চারা | ০.০৩৫০ |
| ১৩ | ১৭৩৯ অংশ | চারা | ০.০০৫০ |
| ১৬ | ১৭৪০ অংশ | সাইল | ০.০৬২৫ |
| ১০৫৩ | ১৭৪১ অংশ | সাইল | ০.০৪২৫ |
| ১৫৮৫ | ১৯২৩ অংশ | চারা | ০.০৩০০ |
| ১৫৯৫ | ১৯২৭ অংশ | চারা | ০.০২০০ |
| ১৫৮৫ | ১৯২৮ অংশ | চারা | ০.০১৭৫ |
| ১৫৯০ | ১৯২৯ অংশ | চারা | ০.০০৫০ |
| ১ | ২০৬৩ অংশ | খাল | ০.০৯৫০ |
| | | মোট | ১.৭৯০০ একর |

অধিগ্রহণকৃত ভূমির নকশা জেলা প্রশাসকের কার্যালয়, সিলেট এর ভূমি অধিগ্রহণ শাখায় দেখা যেতে পারে।

**মোঃ আসলাম উদ্দিন**
অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব)।

**অধিগ্রহণ মামলা নম্বর-৩৩/১৯৮৩-৮৪**
**ঘোষণা**
**ফরম-ঘ**

যেহেতু, এই মর্মে সিদ্ধান্ত গৃহীত হইয়াছে যে, নিম্ন তফসিল বর্ণিত সম্পত্তিসমূহ বাধ্যতামূলকভাবে অধিগ্রহণ করিতে হইবে এবং তদানুযায়ী স্থাবর সম্পত্তি অধিগ্রহণ ও হুকুম দখল অধ্যাদেশ ১৯৮২ (১৯৮২ সনের ২নং অধ্যাদেশ) এর ১০ ধারা অনুসারে এর ক্ষতিপূরণ প্রদান করা হয়েছে অথবা ক্ষতিপূরণ প্রদান করা হবে বলে গণ্য হয়েছে।

সেহেতু, এক্ষণে, উক্ত অধ্যাদেশের ১১ ধারার (২) উপ-ধারা অনুযায়ী আমি ঘোষণা করছি যে, উক্ত সম্পত্তিসমূহ বাধ্যতামূলকভাবে অধিগ্রহণ করা হল এবং ইহা সর্বপ্রকার দায়-দায়িত্ব মুক্ত হয়ে সরকারের উপর অর্পিত হল:—

**তফসিল**

জেলা: সিলেট, উপজেলা: সিলেট সদর , মৌজা: ঘোটাটিকর, জে, এল নং-১১০।

| এস, এ খতিয়ান নং | এস, এ দাগ নং | অধিগ্রহণকৃত জমির শ্রেণি | অধিগ্রহণকৃত জমির পরিমাণ (একরে) |
|---|---|---|---|
| ৪২০ | ১২০৬ অংশ | সাইল | ০.০১৫০ |
| ১২১ | ১২৯২ অংশ | সাইল | ০.০৫৫০ |
| ১৫৮ | ১২৯৪ অংশ | সাইল | ০.০২৭০ |
| ২১৮ | ১২৯৫ অংশ | আমন | ০.০২০০ |
| ১৫৮ | ১২৯৬ অংশ | সাইল | ০.০৩০০ |
| ৩৬১ | ১২৯৮ অংশ | আমন | ০.০২৫০ |
| ৬৫০ | ১৩০০ অংশ | সাইল | ০.০১৮০ |
| ৩০৫ | ১৩০১ অংশ | সাইল | ০.০২০০ |
| ১৪৯ | ১৩০২ অংশ | আমন | ০.০৪০০ |
| | | মোট | ০.২৫০০ একর |

অধিগ্রহণকৃত ভূমির নকশা জেলা প্রশাসকের কার্যালয়, সিলেট এর ভূমি অধিগ্রহণ শাখায় দেখা যেতে পারে।

**মোঃ আসলাম উদ্দিন**
অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব)।

---

**জেলা প্রশাসকের কার্যালয়, সিরাজগঞ্জ**
**ভূমি অধিগ্রহণ শাখা**

**বিজ্ঞপ্তি**

তারিখ : ০৪ আষাঢ় ১৪২৭ বঃ/১৮ জুন ২০২০ খ্রিঃ

নং **৩১.৪৩.০০০০.০১৯.০১.০০৩.১৯.৪৪০**—এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, জনাব মোঃ গোলাম মওলা গং, পিতা-মৃত ময়েজ উদ্দিন, সাং-রাজাপুর, উপজেলা-বেলকুচি, জেল-সিরাজগঞ্জ এর নামে ০১/২০১৬-১৭ নং এল, এ কেসভুক্ত বেলকুচি উপজেলাধীন বড়বেড়াখারুয়া মৌজার ০.২৫০৮ একর জমির ৫০% টাকার অনুদান বাবদ **১,৫৯,৬৯৫/১২** টাকা এল, এ চেক নং-১৫৪৭৬৩, তারিখ-১৬-০৩-২০২০ খ্রিঃ ইস্যু করা হয়। উক্ত চেক গ্রহীতার নামে ইস্যুকৃত এল এ চেকটি গ্রহণের পর সমেসপুর বাজার হইতে বাড়ি যাবার পথে পাঞ্জাবীর পকেট হতে চেকটি হারিয়ে যায় মর্মে আদেনকারী মোঃ গোলাম মওলা এ

কার্যালয়ে অবহিত করার পর বর্ণিত এল, এ চেকটি টাকা পরিশোধ করা হয়েছে কিনা সে বিষয়ে তথ্য জানানোর জন্য জেলা হিসাব রক্ষণ অফিসার, সিরাজগঞ্জ এবং ব্যবস্থাপক সোনালী ব্যাংক লিঃ সিরাজগঞ্জ শাখা বরাবরে পত্র দেয়া হয়।

তৎপ্রেক্ষিতে জেলা হিসাব রক্ষণ অফিসার, সিরাজগঞ্জ ১০-০৬-২০২০ তারিখের ডিএএফও/সিরাজ/বাহির/৩৩২২ নং স্মারকে এবং ব্যবস্থাপক সোনালী ব্যাংক লিঃ, সিরাজগঞ্জ এর ০৭-০৬-২০২০ খ্রিঃ তারিখের সিরাজ/গভঃ/সেবশন/পি-৪৩৬ নং স্মারকে বর্ণিত চেকটির টাকা পরিশোধ করা হয়নি মর্মে এ কার্যালয়কে অবহিত করেছেন।

এমতাবস্থায় ১৬-০৩-২০২০ তারিখে ইস্যুকৃত ১৫৪৭৬৩ নং এল এ চেকটি এতদ্বারা বাতিল ঘোষণা করা হলো। বাতিলকৃত এল এ চেকটি দ্বারা সকল প্রকার অর্থ লেন-দেন সম্পূর্ণ অবৈধ বলে গণ্য হবে এবং উক্ত চেকটির ব্যবহারকারীর বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ করা হবে।

**ড. ফারুক আহাম্মদ**
জেলা প্রশাসক।

---

**জেলা প্রশাসকের কার্যালয়, পাবনা**
**ভূমি অধিগ্রহণ শাখা**
**২০১৭ সনের সম্পত্তি বাধ্যতামূলকভাবে অধিগ্রহণ কেস নং-০৪/২০১৮-২০১৯**
**ফরম-ঘ**
**(৫নং বিধি দ্রষ্টব্য)**
**ঘোষণা**
**[১৩(২) ধারা মোতাবেক]**

যেহেতু, এই মর্মে সিদ্ধান্ত গৃহীত হইয়াছে যে, নিম্নে উল্লিখিত তফসিলে বর্ণিত সম্পত্তি বাধ্যতামূলকভাবে অধিগ্রহণ করিতে হইবে এবং তদানুযায়ী স্থাবর সম্পত্তি অধিগ্রহণ ও হুকুমদখল আইন, ২০১৭ (২০১৭ সালের ২১ নং আইন) এর ১৩(১) ধারা অনুসারে উহার ক্ষতিপূরণ প্রদান করা হইয়াছে অথবা ক্ষতিপূরণ প্রদান করা হইবে বলিয়া অনুমিত হইতেছে।

সেহেতু, এক্ষণে, উক্ত আইনের ১৩ ধারার (২) উপ-ধারা অনুযায়ী আমি ঘোষণা করিতেছি যে, উক্ত সম্পত্তি বাধ্যতামূলকভাবে অধিগ্রহণ করা হইল এবং ইহা সর্ব প্রকার দায়-দায়িত্ব মুক্ত হইয়া সরকারের উপর অর্পিত হইল।

**তফসিল**

মৌজা-বিরিন্দা, জে. এল নং-১৫, উপজেলা-পাবনা সদর, জেলা-পাবনা।

| আর.এস খতিয়ান নং | আর. এস দাগ নং | দাগের মোট জমির পরিমাণ (একরে) | অধিগ্রহণের জন্য প্রস্তাবিত জমির পরিমাণ (একরে) | শ্রেণি (আর.এস. রেকর্ড বহি অনুযায়ী) |
|---|---|---|---|---|
| ১৩৪ | ২৩০ | ০.৭৫ | ০.৪০ | ফসলী |

অধিগ্রহণকৃত ভূমির নকশা জেলা প্রশাসক কার্যালয়, পাবনা মহোদয়ের কার্যালয়ের এলএ শাখায় দেখা যেতে পারে।

**মোঃ মাখলেছুর রহমান**
অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব)।

**২০১৭ সনের সম্পত্তি বাধ্যতামূলকভাবে অধিগ্রহণ**
**কেস নং-০৭/২০১৮-২০১৯**
**ফরম-ঘ**
**(৫নং বিধি দ্রষ্টব্য)**
**ঘোষণা**
**[১৩(২) ধারা মোতাবেক]**

যেহেতু, এই মর্মে সিদ্ধান্ত গৃহীত হইয়াছে যে, নিম্নে উল্লিখিত তফসিলে বর্ণিত সম্পত্তি বাধ্যতামূলকভাবে অধিগ্রহণ করিতে হইবে এবং তদানুযায়ী স্থাবর সম্পত্তি অধিগ্রহণ ও হুকুমদখল আইন, ২০১৭ (২০১৭ সালের ২১ নং আইন) এর ১৩(১) ধারা অনুসারে উহার ক্ষতিপূরণ প্রদান করা হইয়াছে অথবা ক্ষতিপূরণ প্রদান করা হইবে বলিয়া অনুমিত হইতেছে।

সেহেতু, এক্ষণে, উক্ত আইনের ১৩ ধারার (২) উপ-ধারা অনুযায়ী আমি ঘোষণা করিতেছি যে, উক্ত সম্পত্তি বাধ্যতামূলকভাবে অধিগ্রহণ করা হইল এবং ইহা সর্ব প্রকার দায়-দায়িত্ব মুক্ত হইয়া সরকারের উপর অর্পিত হইল।

**তফসিল**

মৌজা-উত্তরসম্ভুপুর, জে. এল নং-০৪, উপজেলা-বেড়া, জেলা-পাবনা।

| আর.এস খতিয়ান নং | আর. এস দাগ নং | দাগের মোট জমির পরিমাণ (একরে) | অধিগ্রহণের জন্য প্রস্তাবিত জমির পরিমাণ (একরে) | শ্রেণী (আর.এস. রেকর্ড বহি অনুযায়ী) |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ২৫২, ৩৪৭ | ৫২৯ | ০.৮৬ | ০.০৪ | ফসলী |
| ২৮০ | ৫৩১ | ০.৩৬ | ০.০৮ | ফসলী |
| ৩৬৬ | ৫৩২ | ০.৪৫ | ০.০৬ | ফসলী |
| ৩৮৬ | ৫৩৪ | ০.৪২ | ০.০৮ | ফসলী |
| ২৫৮ | ৫৩৫ | ০.৫৩ | ০.০৯ | ফসলী |
| ৩৪৪ | ৫৩৬ | ০.২১ | ০.০২ | ফসলী |
| ৩২৪ | ৫৩৭ | ০.১৫ | ০.০২ | ফসলী |
| ৩২৪, ৩৬৪ | ৫৩৮ | ০.২৬ | ০.০৪ | ফসলী |
| ৩০৭ | ৫৪০ | ০.৫৩ | ০.১৩ | ফসলী |
| ৩০৫ | ৫৪১ | ০.০৯ | ০.০৯ | ফসলী |
| ৮৫ | ৫৪২ | ০.২২ | ০.০৫ | ফসলী |
| ৩৪৪ | ৫৪৩ | ০.২১ | ০.০৫ | ফসলী |
| ৩৬৪ | ৫৪৫ | ০.২৮ | ০.০৬ | ফসলী |
| ৮৫ | ৫৪৬ | ০.১৯ | ০.০৫ | ফসলী |
| ৩৮৫ | ৫৪৭ | ০.১৩ | ০.০৪ | ফসলী |
| ৩০৫ | ৫৪৮ | ০.২৩ | ০.১৫ | ফসলী |
| ৮৫ | ৫৪৯ | ০.১৬ | ০.১৬ | ফসলী |
| ২৬০ | ৫৫০ | ০.২৯ | ০.২৯ | ফসলী |
| ০১ | ৫৫১ | ০.০৯ | ০.২৯ | নাল |
| ১৩১, ৪৩০ | ৫৫২ | ০.৭৪ | ০.৪৮ | পতিত |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| ০৪ | ৫৫৩ | ০.১০ | ০.০৪ | হালট |
| ২৯৪ | ৫৫৪ | ০.২৪ | ০.০৫ | পতিত |
| ৩০৪ | ৫৫৬ | ০.৩০ | ০.০৬ | ফসলী |
| ৩৬৫ | ৫৫৭ | ০.৩০ | ০.১১ | ফসলী |
| ৪৩৩ | ৬৫১/ ১০৭১ | ০.৩৩ | ০.১৮ | -- |
| ০১, ১৩২, ৪৬৭ | ৬৫১/ ১০৭৩ | ১.১৪ | ০.০৫ | ফসলী |
| | | মোট= | ২.৭৬ একর | |

অধিগ্রহণকৃত ভূমির নকশা জেলা প্রশাসক, পাবনা মহোদয়ের কার্যালয়ের এল. এ. শাখায় দেখা যেতে পারে।

**মোঃ মোখলেছুর রহমান**
অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব)।

---

**উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়**
**কালীগঞ্জ, গাজীপুর**

**বিজ্ঞপ্তি**

তারিখ: ০৩ আষাঢ় ১৪২৭/১৭ জুন ২০২০

**নং ০৫.৪১.৩৩৩৪.০০০.২২.০০১.১৯-৫০২**—এতদ্বারা সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, গাজীপুর জেলার কালীগঞ্জ উপজেলাধীন মোক্তারপুর ইউনিয়ন পরিষদের ৭ নং ওয়ার্ডের ইউনিয়ন পরিষদ সদস্য জনাব মোঃ জসিম উদ্দিন, পিতা আজিম উদ্দিন, গ্রাম মোক্তারপুর, পোঃ সাওরাইদ বাজার, কালীগঞ্জ, গাজীপুর গত ১৪-০৬-২০২০ খ্রিঃ তারিখে মৃত্যুবরণ করেছেন। স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন, ২০০৯ এর ৩৫ ধারার ২ উপধারা মোতাবেক আমার উপর অর্পিত ক্ষমতাবলে আমি মোঃ শিবলী সাদিক, উপজেলা নির্বাহী অফিসার, কালীগঞ্জ, গাজীপুর তার মৃত্যুবরণের তারিখ হতে মোক্তারপুর ইউনিয়ন পরিষদ, কালীগঞ্জ, গাজীপুর এর ৭ নং ওয়ার্ডের মেম্বার পদটি শূন্য ঘোষণা করলাম।

**মোঃ শিবলী সাদিক**
উপজেলা নির্বাহী অফিসার।

---

**উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়**
**মানিকগঞ্জ সদর।**

**বিজ্ঞপ্তি**

তারিখ: ০১ আষাঢ় ১৪২৭/১৫ জুন ২০২০

**নং ০৫.৩০.৫৬৪৬.০০০.০৫.০০৯.২০-৬২৭**—যেহেতু মানিকগঞ্জ জেলাধীন মানিকগঞ্জ সদর উপজেলার আটিগ্রাম ইউনিয়ন পরিষদের ০৫ নং ওয়ার্ডের নির্বাচিত সদস্য জনাব মোঃ শামসুল হক প্রামানিক, পিতা: তনু প্রামানিক, গ্রাম: মালুটিয়া, ডাকঘর: কাটিগ্রাম, উপজেলা: মানিকগঞ্জ সদর, মানিকগঞ্জ গত ১২-০৬-২০২০ খ্রিঃ তারিখে অপরাহ্নে হৃদরোগে আক্রান্ত হয়ে মৃত্যুবরণ করেন (ইন্না লিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিউন) মর্মে চেয়ারম্যান, আটিগ্রাম ইউনিয়ন পরিষদ, মানিকগঞ্জ সদর এর ১৪-০৬-২০২০ তারিখের আটিগ্রাম ইউপি-২০১৯-২০/৮৪ স্মারকমূলে নিম্নস্বাক্ষরকারীকে অবহিত করেছেন।

এমতাবস্থায়, স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন, ২০০৯ এর ৩৫ ধারার (২) উপধারার (১) অনুযায়ী প্রদত্ত ক্ষমতাবলে আমি মোহাম্মদ ইকবাল হোসেন, উপজেলা নির্বাহী অফিসার, মানিকগঞ্জ সদর সর্বসাধারণের জ্ঞাতার্থে ১২-০৬-২০২০ তারিখ হতে আটিগ্রাম ইউনিয়ন পরিষদের ০৫ নং ওয়ার্ডের নির্বাচিত সদস্য পদটি শূন্য ঘোষণা করলাম।

**মোহাম্মদ ইকবাল হোসেন**
উপজেলা নির্বাহী অফিসার।

---

**উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়**
**গফরগাঁও, ময়মনসিংহ।**

**বিজ্ঞপ্তি**

তারিখ: ১১ আষাঢ় ১৪২৭ বঃ/২৫ জুন ২০২০ খ্রিঃ

**নং ০৫.৪৫.৬১২২.০০৩.০২.০১৯.১৮.৫৬৭**—ময়মনসিংহ জেলার গফরগাঁও উপজেলাধীন ০১ রসুলপুর ইউনিয়ন পরিষদের ০৬ নং ওয়ার্ডের ইউপি সদস্য জনাব মোঃ আফছর আলী, পিতা মৃত খোশ মোহাম্মদ, মাতা মৃত সুরজান বেওয়া, গ্রাম: রসুলপুর, উপজেলা: গফরগাঁও, জেলা: ময়মনসিংহ। গত ২০-০৬-২০২০ খ্রিঃ তারিখ রোজ শনিবার আনুমানিক সকাল ৬.০০ ঘটিকায় হৃদরোগে আক্রান্ত হলে মরহুমের নিজ বাড়িতে মৃত্যুবরণ করেন মর্মে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান জানান। (ইন্না লিল্লাহে.................. রাজেউন)।

০১ নং রসুলপুর ইউনিয়ন পরিষদের ০৬ নং ওয়ার্ডের ইউপি সদস্য জনাব মোঃ আফছর আলী, পিতা মৃত খোশ মোহাম্মদ, মাতা মৃত সুরজান বেওয়া, গ্রাম: রসুলপুর, থানা/উপজেলা: গফরগাঁও, জেলা: ময়মনসিংহ মৃত্যুবরণ করায় স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন, ২০০৯ এর ধারা ৩৫ এর ১ (ঙ) অনুযায়ী ৬নং ওয়ার্ডের ইউপি সদস্য পদটি গত ২০-০৬-২০২০ খ্রিঃ তারিখ হতে শূন্য ঘোষণা করলাম।

**কাজী মাহবুব উর রহমান**
উপজেলা নির্বাহী অফিসার।

---

**উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়**
**ময়মনসিংহ সদর, ময়মনসিংহ।**

**বিজ্ঞপ্তি**

তারিখ: ০১ জুলাই ২০২০ খ্রিঃ

**নং ০৫.৩০.৬১৫২.০০৩.০১.০০১.২০২০-৮২৭**—স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন-২০০৯ এর ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান বা সদস্য পদ শূন্য হওয়া সংক্রান্ত ধারা ৩৫ এর (২) উপ-ধারা মোতাবেক আমার উপর অর্পিত ক্ষমতাবলে আমি মোঃ সাইফুল ইসলাম উপজেলা নির্বাহী অফিসার, ময়মনসিংহ সদর, ময়মনসিংহ সর্বসাধারণের অবগতির জন্য এ মর্মে বিজ্ঞপ্তি প্রকাশ করছি যে, ময়মনসিংহ সদর উপজেলাধীন ৩নং বোররচর ইউনিয়নের ইউপি সদস্য মোঃ আব্দুল্লাহ, পিতা মৃত-মাজম আলী, গ্রাম-পয়েস্তি তারাপুর, পোঃ কাচারী বাজার, উপজেলা-ময়মনসিংহ সদর, জেলা-ময়মনসিংহ গত ২০-০৬-২০২০ খ্রিঃ তারিখ শনিবার মৃত্যুবরণ করেন (ইন্না লিল্লাহে.....রাজেউন)।

বর্ণিত অবস্থায় জনাব মোঃ আব্দুল্লাহ এর মৃত্যুজনিত কারণে ময়মনসিংহ সদর উপজেলাধীন ৩নং বোররচর ইউনিয়ন পরিষদের ৪নং ওয়ার্ডের ইউপি সদস্য পদটি ২০-০৬-২০২০ খ্রিঃ তারিখ হতে শূন্য ঘোষণা করা হলো।

**মোঃ সাইফুল ইসলাম**
উপজেলা নির্বাহী অফিসার।

**উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়**

**কচুয়া, চাঁদপুর**

**বিজ্ঞপ্তি**

তারিখ : ০৯ জুন ২০২০

**নং ০৫.৪২.১৩.২৫.০০১.০১১.২০২০-৬১৭**—চাঁদপুর জেলার কচুয়া উপজেলাধীন ১০নং গোহট উত্তর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান হাজী আবদুল হাই মুন্সী, পিতা-মোঃ নূরুল আলম, গ্রাম-পালগিরি, পোঃ রহিমানগর, উপজেলা-কচুয়া, জেলা-চাঁদপুর ০৯-০৬-২০২০ খ্রি. তারিখ মৃত্যুবরণ করেন (ইন্নালিল্লাহি ওয়া ইন্নাইলাইহি রাজিউন)।

স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন ২০০৯ (সংশোধন) আইন ২০১০ এর ৩৫(১)(ঙ) ধারামতে চেয়ারম্যান পদ শূন্য হওয়ায় একই আইনের ৩৫(২) উপ-ধারার ক্ষমতাবলে আমি দীপায়ন দাস শুভ, উপজেলা নির্বাহী অফিসার, কচুয়া, চাঁদপুর এতদ্বারা সর্বসাধারণের জ্ঞাতার্থে এ বিজ্ঞপ্তি জারি করে ০৯-০৬-২০২০ খ্রি. তারিখ হতে চাঁদপুর জেলার কচুয়া উপজেলার ১০নং গোহট উত্তর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান পদটি শূন্য ঘোষণা করলাম।

**দীপায়ন দাস শুভ**
উপজেলা নির্বাহী অফিসার।

**উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়**

**শাহরাস্তি, চাঁদপুর**

**বিজ্ঞপ্তি**

তারিখ : ৩১ মে ২০২০

**নং ০৫.৪২.১৩৯৫.০০০.০৮.০০৮.২০-২০২(১০)**—চাঁদপুর জেলার শাহরাস্তি উপজেলাধীন সূচীপাড়া (দক্ষিণ) ইউনিয়ন পরিষদের ৬নং সাধারণ ওয়ার্ডের সদস্য জনাব মোঃ আজিজুর রহমান মোল্লা, পিতা-মৃত আবদুল গণি মোল্লা, মাতা-মৃত রাজিয়া বেগম, গ্রাম-কৃষ্ণপুর ডাকঘর-রাগৈ, উপজেলা-শাহরাস্তি, জেলা-চাঁদপুর গত ০২-০৫-২০২০ খ্রি. তারিখে বার্ধক্যজনিত কারণে মৃত্যুবরণ করেন (ইন্নালিল্লাহি ওয়া ইন্নাইলাইহি রাজিউন)।

স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন ২০০৯ এর ৩৫(১)(ঙ) ধারা মোতাবেক সদস্য পদ শূন্য হওয়ায় একই আইনের ৩৫(২) উপ-ধারার ক্ষমতাবলে আমি শিরীন আক্তার, উপজেলা নির্বাহী অফিসার, শাহরাস্তি, চাঁদপুর এতদ্বারা সর্বসাধারণের জ্ঞাতার্থে এ বিজ্ঞপ্তি জারি করে ০২-০৫-২০২০ খ্রি. তারিখ হতে এ জেলার শাহরাস্তি উপজেলার সূচীপাড়া (দক্ষিণ) ইউনিয়ন পরিষদের ৬নং সাধারণ ওয়ার্ডের সদস্য পদটি শূন্য ঘোষণা করলাম।

**শিরীন আক্তার**
উপজেলা নির্বাহী অফিসার।

**উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়**

**রামগঞ্জ, লক্ষ্মীপুর**

**প্রজ্ঞাপন**

তারিখ : ২৪ জুন ২০২০

**নং ০৫.৪২.৫১০০.০০১.০২.০০২.২০২০-৫০১**—লক্ষ্মীপুর জেলার রামগঞ্জ উপজেলাধীন ৪নং ইছাপুর ইউনিয়ন পরিষদের নির্বাচিত চেয়ারম্যান হাজী জনাব মোঃ শহীদ উল্যা, পিতা-মৃত দুলা মিয়া, মাতা-মৃত আফিয়া খাতুন, গ্রাম-দক্ষিণ শ্রীরামপুর, পোঃ-রায়শ্রীরামপুর, উপজেলা-রামগঞ্জ, জেলা-লক্ষ্মীপুর গত ২১-০৬-২০২০ খ্রি. তারিখ মৃত্যুবরণ করেন। এক্ষণে স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন, ২০০৯ এর ৩৫(২) ধারা মোতাবেক আমি মুনতাসির জাহান, উপজেলা নির্বাহী অফিসার, রামগঞ্জ, লক্ষ্মীপুর রামগঞ্জ উপজেলাধীন ৪নং ইছাপুর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানের পদ গত ২১-০৬-২০২০ খ্রি. তারিখ হতে শূন্য ঘোষণা করলাম।

**মুনতাসির জাহান**
উপজেলা নির্বাহী অফিসার।

**উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়**

**বেগমগঞ্জ, নোয়াখালী**

**বিজ্ঞপ্তি**

তারিখ : ১৭ জুন ২০২০

**নং ০৫.৪২.৭৫০৭.০০১.৫৩.০০৬.২০-৫১৮**—সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, নোয়াখালী জেলার বেগমগঞ্জ উপজেলার ১৬নং কাদিরপুর ইউনিয়ন পরিষদের ০৯নং ওয়ার্ডের ইউপি সদস্য জনাব শামছুল হক গত ১৫-০৫-২০২০ খ্রিঃ মৃত্যুবরণ করেন। তাঁর মৃত্যুবরণজনিত কারণে আমি মোঃ মাহবুব আলম, উপজেলা নির্বাহী অফিসার, বেগমগঞ্জ, নোয়াখালী স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন ২০১০ এর সপ্তম অধ্যায়ের ৩৫-ধারার ২নং উপ-ধারা মতে আমার উপর অর্পিত ক্ষমতাবলে নোয়াখালী জেলার বেগমগঞ্জ উপজেলার ১৬নং কাদিরপুর ইউনিয়ন পরিষদের ০৯নং ওয়ার্ডের ইউপি সদস্যের পদ ১৫-০৫-২০২০ খ্রিঃ তারিখ হতে শূন্য ঘোষণা করলাম।

**মোঃ মাহবুব আলম**
উপজেলা নির্বাহী অফিসার।

**উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়**

**পাবনা সদর, পাবনা**

**বিজ্ঞপ্তি**

তারিখ : ০৮ জুন ২০২০

**নং ০৫.৪৩.৭৬৫৫.০০০.৩৪.০১৮.২০২০-৮১৮**—এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, পাবনা জেলার সদর উপজেলার ভাড়ারা ইউনিয়ন পরিষদের ৯নং ওয়ার্ডের নির্বাচিত সাধারণ সদস্য রইস উদ্দিন বিশ্বাস, পিতা-মৃত খবির উদ্দিন বিশ্বাস, সাকিন-চর ভবানীপুর, ডাকঘর-ভাড়ারা, উপজেলা-পাবনা সদর, জেলা-পাবনা। তিনি ৩০ মে, ২০২০ তারিখ রাত ৯.০০ ঘটিকায় ইন্তেকাল করেছেন (ইন্নালিল্লাহি ওয়া ইন্নাইলাইহি রাজিউন)।

স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন, ২০০৯ এর ৩৫(২) ধারা অনুসারে আমার উপর অর্পিত ক্ষমতাবলে আমি মোঃ জয়নাল আবেদিন, উপজেলা নির্বাহী অফিসার, পাবনা সদর, পাবনা, গত ৩০-০৫-২০২০ খ্রি. তারিখ হতে পাবনা জেলার সদর উপজেলার ভাড়ারা ইউনিয়ন পরিষদের ৯নং ওয়ার্ডের ইউনিয়ন পরিষদ সদস্য পদটি শূন্য ঘোষণা করলাম।

**মোঃ জয়নাল আবেদিন**
উপজেলা নির্বাহী অফিসার।

**উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়**

**শাজাহানপুর, বগুড়া**

**বিজ্ঞপ্তি**

তারিখ : ০৫ চৈত্র ১৪২৬/১৯ মার্চ ২০২০

**নং ০৫.৫০.১০৮৫.০০০.০৮.০০৩.২০-৪৪৮**—স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন, ২০০৯ এর ৩৫ নং অনুচ্ছেদের ০২ উপ-ধারা (১) অনুযায়ী এবং ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান ও সদস্যগণের পদ ত্যাগ, অপসারণ ও শূন্য পদ বিধিমালা মোতাবেক অর্পিত ক্ষমতাবলে আমি মাহ্মুদা পারভীন, উপজেলা নির্বাহী অফিসার, শাজাহানপুর, বগুড়া সর্বসাধারণের জ্ঞাতার্থে এই মর্মে বিজ্ঞপ্তি প্রকাশ করছি যে, বগুড়া জেলার শাজাহানপুর উপজেলাধীন ০২ নং মাদলা ইউনিয়ন পরিষদের ০৯ নং ওয়ার্ডের সদস্য জনাব আঃ বারী প্রমানিক, পিতা-মৃত তমিজ উদ্দিন প্রাং, গ্রাম-শ্বশানকান্দি, ডাকঘর-মাদলা, উপজেলা-শাজাহানপুর, জেলা-বগুড়া অসুস্থজনিত কারণে গত ১৬ মার্চ ২০২০ ইং তারিখে মৃত্যুবরণ করিয়াছেন (ইন্নালিল্লাহি ওয়া ইন্নাইলাইহি রাজিউন)।

অতএব, স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন, ২০০৯ এর ৩৫ নং অনুচ্ছেদের ০২ উপ-ধারা (১) মতে তার মৃত্যু তারিখ অর্থাৎ ১৬ মার্চ ২০২০ হতে উক্ত ০২ নং মাদলা ইউনিয়ন পরিষদের ০৯নং ওয়ার্ডের সদস্য পদটি শূন্য হিসাবে ঘোষণা করা হলো।

**মাহ্মুদা পারভীন**
উপজেলা নির্বাহী অফিসার।

---

**উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়**

**সাঘাটা, গাইবান্ধা**

**বিজ্ঞপ্তি**

তারিখ : ১৪ জুন ২০২০

**নং ০৫.৫৫.৩২৮৮.০০২.১৮.০২২.১৯-৫৮০**—এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, গাইবান্ধা জেলার সাঘাটা উপজেলাধীন পদুমশহর ইউনিয়ন পরিষদের ৭নং ওয়ার্ডের সদস্য মোঃ আজাদুল ইসলাম, গ্রাম-ডিমলা পদুমশহর, উপজেলা-সাঘাটা, জেলা-গাইবান্ধা হৃদরোগে আক্রান্ত হয়ে গত ২০-০৫-২০২০ ইং তারিখে মৃত্যুবরণ (ইন্নালিল্লাহি ওয়া ইন্নাইলাইহি রাজিউন) করায় স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন, ২০০৯ এর ৩৫(১) (ঙ) ধারা মোতাবেক আমি মোঃ মহিউদ্দিন জাহাঙ্গীর, উপজেলা নির্বাহী অফিসার, সাঘাটা, গাইবান্ধা উক্ত আইনের ৩৫(২)(১) উপ-ধারায় আমার উপর অর্পিত ক্ষমতাবলে গাইবান্ধা জেলাধীন সাঘাটা উপজেলার পদুমশহর ইউনিয়ন পরিষদের সাধারণ আসনের ৭নং ওয়ার্ডের সদস্য পদটি ২০-০৫-২০২০ ইং তারিখে শূন্য ঘোষণা করলাম।

**মোঃ মহিউদ্দিন জাহাঙ্গীর**
উপজেলা নির্বাহী অফিসার।

---

**উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়**

**গংগাচড়া, রংপুর**

**গণ-বিজ্ঞপ্তি**

তারিখ : ১৭ মে ২০২০

**নং ০৫.৫৫.৮৫২৭.০০০.০২০.৫০.২০.২৭৯(১৭)**—এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, রংপুর জেলার গংগাচড়া উপজেলাধীন ২নং কোলকোন্দ ইউনিয়ন পরিষদের ৪নং ওয়ার্ডের সাধারণ সদস্য চাঁন কিশোর, পিতা-তারনী কান্ত, গ্রাম-কুড়িবিশ্যা, গংগাচড়া, রংপুর হৃদরোগ রংপুর মেডিকেল কলেজ হাসপাতাল গত ০১-০৫-২০২০ তারিখে মৃত্যুবরণ করেছেন।

স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন, ২০০৯ এর ৩৫(২)(১) এ অর্পিত ক্ষমতাবলে আমি তাসলীমা বেগম, উপজেলা নির্বাহী অফিসার, গংগাচড়া, রংপুর উক্ত ইউনিয়ন পরিষদের ৪নং ওয়ার্ডের সাধারণ সদস্য পদটি ০১-০৫-২০২০ তারিখ হতে শূন্য ঘোষণা করলাম।

**তাসলীমা বেগম**
উপজেলা নির্বাহী অফিসার।

---

**উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়**

**মোরেলগঞ্জ, বাগেরহাট**

**বিজ্ঞপ্তি**

তারিখ : ১৪ জুন ২০২০

**নং ০৫.৪৪.০১৬০.০০০.১৬.০১১.২০২০-৬১৯**—স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন, ২০০৯ এর ৩৫ (২) উপ-ধারা (১) এর প্রদত্ত ক্ষমতাবলে আমি মোঃ কামরুজ্জামান, উপজেলা নির্বাহী অফিসার, মোরেলগঞ্জ, বাগেরহাট এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য এই মর্মে ঘোষণা করছি যে, বাগেরহাট জেলার মোরেলগঞ্জ উপজেলাধীন ০২ নং পঞ্চকরণ ইউনিয়ন পরিষদের ৪ নং ওয়ার্ড সাধারণ আসনের নির্বাচিত ইউনিয়ন পরিষদ সদস্য জনাব মোঃ সাখাওয়াৎ হোসেন মোল্লা, পিতা-আইউব আলী মোল্লা, গ্রাম-খারইখালী, উপজেলা-মোরেলগঞ্জ, জেলা-বাগেরহাট গত ০৮-০৬-২০২০ খ্রিঃ তারিখ দিবাগত রাত ১২.৩০ মিনিটে ঢাকায় চিকিৎসাধীন অবস্থায় নিজ আত্মীয়ের বাসায় স্ট্রোক করে মৃত্যুবরণ করায় স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন, ২০০৯ এর ৩৫ (২) উপ-ধারা (১) এর অর্পিত ক্ষমতাবলে আমি নিম্নস্বাক্ষরকারী মোরেলগঞ্জ উপজেলাধীন ০২নং পঞ্চকরণ ইউনিয়ন পরিষদের ৪নং ওয়ার্ড এর সাধারণ আসনের সদস্য পদটি গত ০৯-০৬-২০২০ খ্রিস্টাব্দ তারিখ হতে শূন্য ঘোষণা করলাম।

**মোঃ কামরুজ্জামান**
উপজেলা নির্বাহী অফিসার।

---

**উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়**

**মহেশপুর, ঝিনাইদহ**

**বিজ্ঞপ্তি**

তারিখ : ০১ জুন ২০২০

**নং ০৫.৪৪.৪৪৭১.০০১.১৫.০০১.২০-২১৬(৭)**—ঝিনাইদহ জেলার মহেশপুর উপজেলার ১২নং আজমপুর ইউনিয়নের ৫নং ওয়ার্ড সদস্য জনাব লুৎফর রহমান গত ১০-০৫-২০২০ খ্রিঃ তারিখে সড়ক দূর্ঘটনায় নিহত হয়েছেন (ইন্নালিল্লাহি ওয়া ইন্নাইলাইহি রাজিউন)। স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন, ২০০৯ এর ৩৫(২) উপধারা (১) মোতাবেক আমি শাশ্বর্তী শীল, উপজেলা নির্বাহী অফিসার, মহেশপুর, ঝিনাইদহ এ উপজেলার ১২নং আজমপুর ইউনিয়নের ৫নং ওয়ার্ডের সাধারণ সদস্য পদটি ১০-৫-২০২০ খ্রিঃ তারিখ হতে শূন্য ঘোষণা করলাম।

**শাশ্বর্তী শীল**
উপজেলা নির্বাহী অফিসার।

**উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়**

**লোহাগড়া, নড়াইল**

**বিজ্ঞপ্তি**

তারিখ : ০৪ জুন ২০২০

**নং ০৫.৪৪.৬৫৫২০০১.০২.০১৪.২০-৫৫২(৮)**—স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন ২০০৯ এর ৩৫ ধারার (১) এর (ঙ) ধারা মোতাবেক আমি মুকুল কুমার মৈত্র, উপজেলা নির্বাহী অফিসার, লোহাগড়া, নড়াইল এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য বিজ্ঞপ্তি প্রকাশ করছি যে, নড়াইল জেলার লোহাগড়া উপজেলাধীন ৮নং দিঘলিয়া ইউনিয়ন পরিষদের ১নং সাধারণ ওয়ার্ডের সদস্য জনাব মোঃ মনির শেখ গত ২৬-০৫-২০২০ খ্রিঃ তারিখে অসুস্থতাজনিত কারণে মৃত্যুবরণ করেন (ইন্নালিল্লাহি ওয়া ইন্নাইলাইহি রাজিউন)।

এমতাবস্থায়, স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন ২০০৯ এর ৩৫ ধারার (২) উপ-ধারার (১) এর ক্ষমতাবলে আমি মুকুল কুমার মৈত্র, উপজেলা নির্বাহী অফিসার, লোহাগড়া, নড়াইল লোহাগড়া উপজেলাধীন ৮নং দিঘলিয়া ইউনিয়ন পরিষদের ১নং সাধারণ ওয়ার্ডের সদস্য পদটি মৃত্যুজনিত কারণে ২৭ মে, ২০২০ খ্রিঃ তারিখ হতে শূন্য ঘোষণা করলাম।

**মুকুল কুমার মৈত্র**
উপজেলা নির্বাহী অফিসার।

---

**উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়**

**ডুমুরিয়া, খুলনা**

**বিজ্ঞপ্তি**

তারিখ : ১৪ বৈশাখ ১৪২৭/২৭ এপ্রিল ২০২০

**নং ০৫.৪৪.৪৭৩০.০০১.৩৫.০০১.২০-৮৬২**—স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন ২০০৯ এর ৩৫ ধারার (২) উপ-ধারায় অর্পিত ক্ষমতাবলে আমি মোছাঃ শাহনাজ বেগম, উপজেলা নির্বাহী অফিসার, ডুমুরিয়া, খুলনা সর্বসাধারণের অবগতির জন্য এই মর্মে বিজ্ঞপ্তি প্রকাশ করছি যে, যেহেতু খুলনা জেলার ডুমুরিয়া উপজেলাধীন ২নং রঘুনাথপুর ইউনিয়ন পরিষদের ৩নং সাধারণ ওয়ার্ডের নির্বাচিত ইউ.পি সদস্য জনাব অসীম কুমার সাহা, পিতা-মৃত নারায়ন চন্দ্র সাহা, মাতা-গীতা রানী সাহা, সাং-দেডুলী, ডাকঘর-সৎসংঘ দেউলী, উপজেলা-ডুমুরিয়া, জেলা-খুলনা গত ১২-০৪-২০২০ খ্রি. তারিখ সকাল ১১.০০ ঘটিকার সময় "এফসিএইচ ফোর্টিস এসকর্টস হার্ট ইনস্টিটিউট, খুলনা" নামীয় ক্লিনিকে হৃদযন্ত্রের ক্রিয়া বন্ধ হয়ে মৃত্যুবরণ করেছেন;

সেহেতু, স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন ২০০৯ এর ৩৫ (১)(ঙ)(২) উপ-ধারা এবং ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান ও সদস্য (পদত্যাগ, অপসারণ ও পদশূন্য) বিধিমালা, ১৯৮৪ এর বিধি ১৩ অনুযায়ী মৃত্যুবরণের তারিখ অর্থাৎ ১২-০৪-২০২০ খ্রি. তারিখ হতে খুলনা জেলার ডুমুরিয়া উপজেলার ২নং রঘুনাথপুর ইউনিয়ন পরিষদের ৩নং ওয়ার্ডের সদস্য পদটি শূন্য ঘোষণা করা হলো।

**মোছাঃ শাহনাজ বেগম**
উপজেলা নির্বাহী অফিসার।

---

**উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়**

**সাঁথিয়া, পাবনা**

**বিজ্ঞপ্তি**

তারিখ : ১৭ জুন ২০২০

**নং ০৫.৪৩.৭৬৭২.০০০.১৩.০০১.২০-৮২৩**—এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য বিজ্ঞপ্তি প্রকাশ করিতেছি যে, অত্র সাঁথিয়া উপজেলাধীন কাশিনাথপুর ইউনিয়ন পরিষদের ৫নং ওয়ার্ডের নির্বাচিত সাধারণ সদস্য সাইদুর রহমান, পিতা-মৃত আব্দুল আজিজ, সাং-শ্রীধরকুড়া, ডাকঘর-পাইকর হাটি, সাঁথিয়া, পাবনা গত ১১-০৬-২০২০ খ্রি. তারিখে ইন্তেকাল করেছেন (ইন্নালিল্লাহি ওয়া ইন্নাইলাইহি রাজিউন)। চেয়ারম্যান কাশিনাথপুর ইউনিয়ন পরিষদ উক্ত কাশিনাথপুর ইউপি এর সাধারণ সদস্য সাইদুর রহমান, পিতা-মৃত আব্দুল আজিজ, সাং-শ্রীধরকুড়া, ডাকঘর-পাইকর হাটি, সাঁথিয়া, পাবনা মৃত্যুবরণের তারিখ ৫১/২০২০ নং স্মারকে অবহিত করেছেন। উক্ত তারিখ হতে পদটি শূন্য ঘোষণার জন্য চেয়ারম্যান, কাশিনাথপুর ইউনিয়ন পরিষদ ১৭-০৬-২০২০ খ্রিঃ তারিখের ৫১/২০২০ নং স্মারকে অনুরোধ পত্র প্রেরণ করেছেন।

অতএব, স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন, ২০০৯ এর ৩৫(১)(ঙ) ৩৫(২) ধারা এবং ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান ও সদস্য (পদত্যাগ, অপসারণ ও পদশূন্য) বিধিমালা-১৯৮৪ এর ১৩নং বিধি মোতাবেক আমি এস এম জামাল আহমেদ, উপজেলা নির্বাহী অফিসার, সাঁথিয়া, পাবনা ১৭-০৬-২০২০ খ্রিঃ তারিখ হতে সাঁথিয়া উপজেলাধীন কাশিনাথপুর ইউনিয়ন পরিষদের ৫নং ওয়ার্ড এর সাধারণ সদস্য পদ শূন্য ঘোষণা করিলাম।

**এস এম জামাল আহমেদ**
উপজেলা নির্বাহী অফিসার।

---

**উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়**

**সদর, বান্দরবান পার্বত্য জেলা**

**বিজ্ঞপ্তি**

তারিখ : ০২ আষাঢ় ১৪২৭/১৬ জুন ২০২০

**নং ০৫.৪২.০৩১৪.০০১.০৬.০১১.২০-৬০১**—স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন ২০০৯ এর ধারা ৩৫ এর ১(ঙ) ও ২ অনুসারে অর্পিত ক্ষমতাবলে আমি হাবিবুল হাসান, উপজেলা নির্বাহী অফিসার, বান্দরবান সদর, বান্দরবান পার্বত্য জেলা সর্বসাধারণের অবগতির জন্য এই মর্মে বিজ্ঞপ্তি প্রকাশ করছি যে, বান্দরবান পার্বত্য জেলার বান্দরবান সদর উপজেলাধীন ২নং কুহালং ইউনিয়নের ৫নং ওয়ার্ডের সদস্য জনাব চাই সা হ্লা মার্মা ১৫ জুন ২০২০ খ্রিঃ তারিখ সন্ধ্যা ৭.৩০ টায় অজ্ঞাত সন্ত্রাসী কর্তৃক গুলিবিদ্ধ হওয়ায় চিকিৎসার জন্য চট্টগ্রাম মেডিকেল কলেজ হাসপাতালে নেয়া হয় এবং সেখানে পৌঁছা মাত্রই রাত ১১.৩০ টায় মৃত্যুবরণ করেন।

বর্ণিতাবস্থার প্রেক্ষিতে ১৬ জুন ২০২০ খ্রিঃ তারিখ হতে ২নং কুহালং ইউনিয়নের ৫নং ওয়ার্ডের সদস্য পদটি এতদ্বারা শূন্য ঘোষণা করলাম।

**হাবিবুল হাসান**
উপজেলা নির্বাহী অফিসার।

**[একই স্মারক নম্বর ও তারিখের স্থলাভিষিক্ত]**
**স্বাস্থ্য অধিদপ্তর**

**প্রজ্ঞাপন**

তারিখ : ২১ জুলাই ২০২০ ইং

**নং স্বাঃঅধিঃ/প্রশাঃ-২/ডিএইচএস/পদায়ন-৪৬/২০১৯/২৫৪১**—স্বাস্থ্য অধিদপ্তরাধীন নিম্নেবর্ণিত জেলা স্যানিটারী ইন্সপেক্টর (ডিস্ট্রিক্ট স্যানিটারী ইন্সপেক্টর, ১০ম গ্রেড)দেরকে ১০ম গ্রেডের জেলা স্বাস্থ্য তত্ত্বাবধায়ক (ডিস্ট্রিক্ট হেলথ সুপারিনটেনডেন্ট) এর শূন্য পদে বদলি করিয়া বহাল করা হইল।

| ক্রমিক নং | নাম, পদবি ও বর্তমান কর্মস্থলের নাম | বদলিকৃত পদ ও কর্মস্থলের নাম |
|---|---|---|
| ১. | জনাব মোঃ আবুল কালাম আজাদ, জেলা স্যানিটারী ইন্সপেক্টর (ডিস্ট্রিক্ট) স্যানিটারী ইন্সপেক্টর, বর্তমানে জেলা স্বাস্থ্য তত্ত্বাবধায়ক (ডিস্ট্রিক্ট হেলথ সুপারিনটেনডেন্ট) পদে কর্মরত, সিভিল সার্জন অফিস, ময়মনসিংহ। | জেলা স্বাস্থ্য তত্ত্বাবধায়ক (ডিস্ট্রিক্ট হেলথ সুপারিনটেনডেন্ট), সিভিল সার্জন অফিস, ময়মনসিংহ এর শূন্য পদে। |
| ২. | জয়ন্তনাথ চক্রবর্তী, জেলা স্যানিটারী ইন্সপেক্টর (ডিস্ট্রিক্ট) স্যানিটারী ইন্সপেক্টর, বর্তমানে জেলা স্বাস্থ্য তত্ত্বাবধায়ক (ডিস্ট্রিক্ট হেলথ সুপারিনটেনডেন্ট) পদে কর্মরত, সিভিল সার্জন অফিস, খুলনা। | জেলা স্বাস্থ্য তত্ত্বাবধায়ক (ডিস্ট্রিক্ট হেলথ সুপারিনটেনডেন্ট), সিভিল সার্জন অফিস, খুলনা এর শূন্য পদে। |
| ৩. | জনাব মোঃ আনোয়ার হোসেন, জেলা স্যানিটারী ইন্সপেক্টর (ডিস্ট্রিক্ট) স্যানিটারী ইন্সপেক্টর, বর্তমানে জেলা স্বাস্থ্য তত্ত্বাবধায়ক (ডিস্ট্রিক্ট হেলথ সুপারিনটেনডেন্ট) পদে কর্মরত, সিভিল সার্জন অফিস, নওগাঁ। | জেলা স্বাস্থ্য তত্ত্বাবধায়ক (ডিস্ট্রিক্ট হেলথ সুপারিনটেনডেন্ট), সিভিল সার্জন অফিস, নওগাঁ এর শূন্য পদে। |
| ৪. | জনাব মোঃ নজরুল ইসলাম, জেলা স্যানিটারী ইন্সপেক্টর (ডিস্ট্রিক্ট) স্যানিটারী ইন্সপেক্টর, বর্তমানে জেলা স্বাস্থ্য তত্ত্বাবধায়ক (ডিস্ট্রিক্ট হেলথ সুপারিনটেনডেন্ট) পদে কর্মরত, সিভিল সার্জন অফিস, শেরপুর। | জেলা স্বাস্থ্য তত্ত্বাবধায়ক (ডিস্ট্রিক্ট হেলথ সুপারিনটেনডেন্ট), সিভিল সার্জন অফিস, শেরপুর এর শূন্য পদে। |
| ৫. | জনাব মোঃ আবদুল খালেক, জেলা স্যানিটারী ইন্সপেক্টর (ডিস্ট্রিক্ট) স্যানিটারী ইন্সপেক্টর, বর্তমানে জেলা স্বাস্থ্য তত্ত্বাবধায়ক (ডিস্ট্রিক্ট হেলথ সুপারিনটেনডেন্ট) পদে কর্মরত, সিভিল সার্জন অফিস, কুমিল্লা। | জেলা স্বাস্থ্য তত্ত্বাবধায়ক (ডিস্ট্রিক্ট হেলথ সুপারিনটেনডেন্ট), সিভিল সার্জন অফিস, কুমিল্লা এর শূন্য পদে। |
| ৬. | জনাব মোঃ খলিলুর রহমান, জেলা স্যানিটারী ইন্সপেক্টর (ডিস্ট্রিক্ট) স্যানিটারী ইন্সপেক্টর, বর্তমানে জেলা স্বাস্থ্য তত্ত্বাবধায়ক (ডিস্ট্রিক্ট হেলথ সুপারিনটেনডেন্ট) পদে কর্মরত, সিভিল সার্জন অফিস, জামালপুর। | জেলা স্বাস্থ্য তত্ত্বাবধায়ক (ডিস্ট্রিক্ট হেলথ সুপারিনটেনডেন্ট), সিভিল সার্জন অফিস, জামালপুর এর শূন্য পদে। |
| ৭. | জনাব মোঃ জাহিদুল ইসলাম ভূঞা, জেলা স্যানিটারী ইন্সপেক্টর (ডিস্ট্রিক্ট) স্যানিটারী ইন্সপেক্টর, বর্তমানে জেলা স্বাস্থ্য তত্ত্বাবধায়ক (ডিস্ট্রিক্ট হেলথ সুপারিনটেনডেন্ট) পদে কর্মরত, সিভিল সার্জন অফিস, টাঙ্গাইল। | জেলা স্বাস্থ্য তত্ত্বাবধায়ক (ডিস্ট্রিক্ট হেলথ সুপারিনটেনডেন্ট), সিভিল সার্জন অফিস, টাঙ্গাইল এর শূন্য পদে। |
| ৮. | জনাব মোঃ মাহের মুরাদ, জেলা স্যানিটারী ইন্সপেক্টর (ডিস্ট্রিক্ট) স্যানিটারী ইন্সপেক্টর, বর্তমানে জেলা স্বাস্থ্য তত্ত্বাবধায়ক (ডিস্ট্রিক্ট হেলথ সুপারিনটেনডেন্ট) পদে কর্মরত, সিভিল সার্জন অফিস, জয়পুরহাট বর্তমানে বগুড়ায় কর্মরত। | জেলা স্বাস্থ্য তত্ত্বাবধায়ক (ডিস্ট্রিক্ট হেলথ সুপারিনটেনডেন্ট), সিভিল সার্জন অফিস, বগুড়া এর শূন্য পদে। |
| ৯. | জনাব মোঃ মিজানুর রহমান, জেলা স্যানিটারী ইন্সপেক্টর (ডিস্ট্রিক্ট) স্যানিটারী ইন্সপেক্টর, বর্তমানে জেলা স্বাস্থ্য তত্ত্বাবধায়ক (ডিস্ট্রিক্ট হেলথ সুপারিনটেনডেন্ট) পদে কর্মরত, সিভিল সার্জন অফিস, নীলফামারী। | জেলা স্বাস্থ্য তত্ত্বাবধায়ক (ডিস্ট্রিক্ট হেলথ সুপারিনটেনডেন্ট), সিভিল সার্জন অফিস, নীলফামারী এর শূন্য পদে। |

| ক্রমিক নং | নাম, পদবি ও বর্তমান কর্মস্থলের নাম | বদলিকৃত পদ ও কর্মস্থলের নাম |
|---|---|---|
| ১০. | জনাব মোঃ সামসুল আলম, জেলা স্যানিটারী ইন্সপেক্টর (ডিস্ট্রিক্ট) স্যানিটারী ইন্সপেক্টর, বর্তমানে জেলা স্বাস্থ্য তত্ত্বাবধায়ক (ডিস্ট্রিক্ট হেলথ সুপারিনটেনডেন্ট) পদে কর্মরত, সিভিল সার্জন অফিস, পাবনা। | জেলা স্বাস্থ্য তত্ত্বাবধায়ক (ডিস্ট্রিক্ট হেলথ সুপারিনটেনডেন্ট), সিভিল সার্জন অফিস, পাবনা এর শূন্য পদে। |
| ১১. | জনাব সরদার মোঃ খয়ের আলী, জেলা স্যানিটারী ইন্সপেক্টর (ডিস্ট্রিক্ট) স্যানিটারী ইন্সপেক্টর, বর্তমানে জেলা স্বাস্থ্য তত্ত্বাবধায়ক (ডিস্ট্রিক্ট হেলথ সুপারিনটেনডেন্ট) পদে কর্মরত, সিভিল সার্জন অফিস, রাজশাহী। | জেলা স্বাস্থ্য তত্ত্বাবধায়ক (ডিস্ট্রিক্ট হেলথ সুপারিনটেনডেন্ট), সিভিল সার্জন অফিস, রাজশাহী এর শূন্য পদে। |
| ১২. | অরবিন্দু কুমার মোদক, জেলা স্যানিটারী ইন্সপেক্টর (ডিস্ট্রিক্ট) স্যানিটারী ইন্সপেক্টর, বর্তমানে জেলা স্বাস্থ্য তত্ত্বাবধায়ক (ডিস্ট্রিক্ট হেলথ সুপারিনটেনডেন্ট) পদে কর্মরত, সিভিল সার্জন অফিস, রংপুর। | জেলা স্বাস্থ্য তত্ত্বাবধায়ক (ডিস্ট্রিক্ট হেলথ সুপারিনটেনডেন্ট), সিভিল সার্জন অফিস, রংপুর এর শূন্য পদে। |
| ১৩. | জনাব মোঃ আজাদ আলী, জেলা স্যানিটারী ইন্সপেক্টর (ডিস্ট্রিক্ট) স্যানিটারী ইন্সপেক্টর, বর্তমানে জেলা স্বাস্থ্য তত্ত্বাবধায়ক (ডিস্ট্রিক্ট হেলথ সুপারিনটেনডেন্ট) পদে কর্মরত, সিভিল সার্জন অফিস, দিনাজপুর। | জেলা স্বাস্থ্য তত্ত্বাবধায়ক (ডিস্ট্রিক্ট হেলথ সুপারিনটেনডেন্ট), সিভিল সার্জন অফিস, দিনাজপুর এর শূন্য পদে। |
| ১৪. | জনাব মোঃ রুহুল আমীন, জেলা স্যানিটারী ইন্সপেক্টর (ডিস্ট্রিক্ট) স্যানিটারী ইন্সপেক্টর, বর্তমানে জেলা স্বাস্থ্য তত্ত্বাবধায়ক (ডিস্ট্রিক্ট হেলথ সুপারিনটেনডেন্ট) পদে কর্মরত, সিভিল সার্জন অফিস, হবিগঞ্জ বর্তমানে কিশোরগঞ্জ। | জেলা স্বাস্থ্য তত্ত্বাবধায়ক (ডিস্ট্রিক্ট হেলথ সুপারিনটেনডেন্ট), সিভিল সার্জন অফিস, কিশোরগঞ্জ এর শূন্য পদে। |
| ১৫. | জনাব মোঃ আবদুল আলীম, জেলা স্যানিটারী ইন্সপেক্টর (ডিস্ট্রিক্ট) স্যানিটারী ইন্সপেক্টর, বর্তমানে জেলা স্বাস্থ্য তত্ত্বাবধায়ক (ডিস্ট্রিক্ট হেলথ সুপারিনটেনডেন্ট) পদে কর্মরত, সিভিল সার্জন অফিস, সুনামগঞ্জ। | জেলা স্বাস্থ্য তত্ত্বাবধায়ক (ডিস্ট্রিক্ট হেলথ সুপারিনটেনডেন্ট), সিভিল সার্জন অফিস, সুনামগঞ্জ এর শূন্য পদে। |

এই আদেশ অবিলম্বে কার্যকর হইবে এবং ইহাতে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন রহিয়াছে।

**ডাঃ মোঃ বেলাল হোসেন**
পরিচালক (প্রশাসন)।

---

**উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়**
**দক্ষিণ সুরমা, সিলেট।**

**প্রজ্ঞাপন**

তারিখ : ৩০ এপ্রিল ২০১৯

**নং ০৫.৪৬.৯১৩১.০০০.৪১.০৩৯.১৮.৬৫৫(১০)**—যেহেতু সিলেট জেলার দক্ষিণ সুরমা উপজেলার অন্তর্গত ৪নং কুচাই ইউনিয়ন পরিষদের ৩নং সংরক্ষিত আসনের (৭, ৮ ও ৯ নং ওয়ার্ড) নির্বাচিত সদস্য আফছারা বেগম, স্বামী-মৃত মনু মিয়া, গ্রাম-কুচাই, ডাক-কদমতলী-৩১১১, দক্ষিণ সুরমা, সিলেট গত ২৫-০৩-২০১৯ তারিখ মারা যান;

সেহেতু স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন, ২০০৯ এর ৩৫ নম্বর অনুচ্ছেদ এর উপ-ধারা (২) অনুযায়ী অর্পিত ক্ষমতাবলে আমি মিন্টু চৌধুরী, পরিচিতি নং ১৬৬৫১, উপজেলা নির্বাহী অফিসার, দক্ষিণ সুরমা, সিলেট ০৪নং কুচাই ইউনিয়নের ৩নং সংরক্ষিত আসনের (৭, ৮ ও ৯নং ওয়ার্ড) সদস্য পদটি ২৫-০৩-২০১৯ তারিখ শূন্য ঘোষণা করলাম।

**মিন্টু চৌধুরী**
উপজেলা নির্বাহী অফিসার।

**উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়**
**মেহেন্দিগঞ্জ, বরিশাল।**

**প্রজ্ঞাপন**

তারিখ : ২৯ জুলাই ২০২০ খ্রিঃ

**নং ০৫.১০.০৬৬২.০০৮.০২.০১৮.২০২০.৪১৭**—স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন, ২০০৯ এর ১২ ধারার প্রদত্ত ক্ষমতাবলে বরিশাল জেলার মেহেন্দিগঞ্জ উপজেলায় নবগঠিত দক্ষিণ উলানিয়া ও উত্তর উলানিয়া ইউনিয়ন দু'টির সাধারণ ওয়ার্ডসমূহের সমন্বয়ে সংরক্ষিত ওয়ার্ড নিম্নরুপ পূনর্গঠন করলাম।

**দক্ষিণ উলানিয়া ইউনিয়ন পরিষদ**

| ক্রঃ নং | সাধারণ ওয়ার্ড নম্বর | মৌজা/গ্রামের নাম | প্রস্তাবিত সংরক্ষিত ওয়ার্ড নম্বর | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১ | ১ | রাজাপুর (পশ্চিম অংশ বাঘারহাট সংলগ্ন শাহে আলম হাওলাদার বাড়ি পর্যন্ত)। | সংরক্ষিত ওয়ার্ড নং ১ | |
| ২ | ২ | রাজাপুর অবশিষ্ট অংশ | | |
| ৩ | ৩ | যাদুয়া (আংশিক খলিল রাড়ী বাড়ি হতে মেছের মাষ্টারের বাড়ি পর্যন্ত)। | | |
| ৪ | ৪ | যাদুয়া অবশিষ্ট অংশ ও সুলতানী সন্তোষপুর (আংশিক গণি দেওয়ান বাড়ি পর্যন্ত)। | সংরক্ষিত ওয়ার্ড নং ২ | |
| ৫ | ৫ | সুলতানী সন্তোষপুর (আংশিক নুরু সরদার বাড়ি হতে গণি দেওয়ান বাড়ি পর্যন্ত)। | | |
| ৬ | ৬ | আশা (দক্ষিণ অংশ সুলতানী সীমানা হতে উত্তরে অহিদ রাড়ী বাড়ির দক্ষিণ পাশ পর্যন্ত)। | | |
| ৭ | ৭ | আশা (উত্তরে অবশিষ্ট অংশ) | সংরক্ষিত ওয়ার্ড নং ৩ | |
| ৮ | ৮ | সুলতানী সন্তোষপুর (উত্তর অংশ ছমির সরদার বাড়ি হতে ছালাউদ্দিন সরদার বাড়ি পর্যন্ত)। | | |
| ৯ | ৯ | সুলতানী সন্তোষপুর (দক্ষিণ অংশ সুলতানী সঃপ্রাঃবিঃ হতে ছমির সরদার বাড়ি দক্ষিণ পাশ পর্যন্ত)। | | |

**উত্তর উলানিয়া ইউনিয়ন পরিষদ**

| ক্র: নং | সাধারণ ওয়ার্ড নম্বর | মৌজা/গ্রামের নাম | প্রস্তাবিত সংরক্ষিত ওয়ার্ড নম্বর | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১ | ১ | লক্ষীপুর ও সৌলদী (আংশিক এছাক ঢালী বাড়ি রাস্তার পশ্চিম পাশ)। | সংরক্ষিত ওয়ার্ড নং ১ | |
| ২ | ২ | সৌলদী (অবশিষ্ট অংশ কালিতলা-আলীগঞ্জ রাস্তার ঢালী বাড়ি মসজিদের পূর্ব পাশ)। | | |
| ৩ | ৩ | বালিয়া | | |
| ৪ | ৪ | হাসানপুর | সংরক্ষিত ওয়ার্ড নং ২ | |
| ৫ | ৫ | উলানিয়া | | |
| ৬ | ৬ | পূর্ব্ব হর্নি | | |
| ৭ | ৭ | পূর্ব্বস্বত্ব | সংরক্ষিত ওয়ার্ড নং ৩ | |
| ৮ | ৮ | নোয়াখালী | | |
| ৯ | ৯ | পানবাড়ীয়া | | |

**পিজুস চন্দ্র দে**
উপজেলা নির্বাহী অফিসার।

**উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়**
**বদলগাছী, নওগাঁ।**

**বিজ্ঞপ্তি**

তারিখ : ১৬ আষাঢ় ১৪২৭/৩০ জুন ২০২০

নং **০৫.৪৩.৬৪০৬.০০০.০৪.০১৬.২০২০-৭৯১**—নওগাঁ জেলার বদলগাছী উপজেলাধীন ২নং মথুরাপুর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান জনাব মোঃ আব্দুর রহমান গত ২৯-০৬-২০২০ তারিখ রোজ সোমবার বিকাল ৩.৪০ ঘটিকায় লিভার ক্যান্সারজনিত রোগে মৃত্যুবরণ করায় আমি মুহাঃ আবু তাহির, উপজেলা নির্বাহী অফিসার, বদলগাছী, নওগাঁ স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন, ২০০৯ এর ৩৫(২) এর উপ-ধারা (১) মোতাবেক আমি আমার উপর অর্পিত ক্ষমতাবলে বদলগাছী উপজেলাধীন ২নং মথুরাপুর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান জনাব মোঃ আব্দুর রহমান-এর চেয়ারম্যান পদ ২৯-০৬-২০২০ তারিখ থেকে এতদ্বারা শূন্য ঘোষণা করলাম।

**মুহাঃ আবু তাহির**
উপজেলা নির্বাহী অফিসার।